ডাক ও টেলিযোগাযোগ বিভাগের আওতায় ২০১৬-২০১৭ অর্থবছরের এডিপিভুক্ত সমাপ্ত প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদনের উপর মন্ত্রণালয় বিভাগ ভিত্তিক সারসংক্ষেপ

ক্রঃ নং	মন্ত্রণালয়ের নাম	মোট সমাপ্ত প্রকল্পের সংখ্যা	সমাপ্ত প্রকল্পের ধরণ			মূল সময় ও ব্যয়ের তুলনায়				
			বিনিয়োগ প্রকল্প সংখ্যা	কারিগরি সহায়তা প্রকল্প সংখা	জেডিসিএফ ভুক্ত প্রকল্প সংখ্যা	সময় ও ব্যয় উভয়ই অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্তের শতকরা হার (%) -সর্বনিম্ন -সর্বোচ্চ	ব্যয় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	ব্যয় অতিক্রান্ত শতকরা হার (%) -সর্বনিম্ন -সর্বোচ্চ
১।	ডাক ও টেলিযোগাযোগ বিভাগ	০৪ টি	০৪ টি	--	--	০২টি	০৪ টি	-৭৫% -২০০%	০২টি	-১০% -৬০%

১। সমাপ্ত প্রকল্পের সংখ্যাঃ ০৪টি

২। সমাপ্তকৃত প্রকল্পের প্রকৃত ব্যয় ও মোয়াদকালঃ

প্রকল্পের নাম	প্রকৃত ব্যয়	প্রকৃত বাস্তবায়নকাল
১০০০টি ইউনিয়ন পরিষদে অপটিক্যাল ফাইবার কেবল নেটওয়ার্ক উন্নয়ন প্রকল্প।	৬৪৪৮০.৭৬	জানুয়ারি, ২০১২ হতে ডিসেম্বর, ২০১৬
বাংলাদেশ ডাক বিভাগের কার্যপ্রক্রিয়া স্বয়ংক্রিয়করণ প্রকল্প।	৪২৫৮.২৮	জুলাই, ২০০৮ হতে জুন, ২০১৭
তথ্য প্রযুক্তি নির্ভর গ্রামীণ ডাকঘর নির্মাণ প্রকল্প।	৪৮৪৩.৪৩	জুলাই, ২০১১ হতে জুন, ২০১৭
পোস্ট ই-সেন্টার ফর রুরাল কমিউনিটি প্রকল্প।	৩৮০৬৪.৯৬	জানুয়ারি, ২০১২ হতে জুন, ২০১৭

৩। সমাপ্ত প্রকল্পের ব্যয় ও মেয়াদ বৃদ্ধির কারণঃ

প্রকল্পের নাম	মেয়াদ বৃদ্ধির কারণ
১০০০টি ইউনিয়ন পরিষদে অপটিক্যাল ফাইবার কেবল নেটওয়ার্ক উন্নয়ন প্রকল্প।	প্রকল্পের কর্ম-পরিধি বৃদ্ধি পাওয়া, অপটিক্যাল ফাইবার কেবল নেটওয়ার্ক স্থাপনের জন্য সাইট প্রস্তুতকরণে বিলম্ব হওয়ায় প্রকল্পের মেয়াদ বৃদ্ধি পেয়েছে কিন্তু ব্যয় হ্রাস পেয়েছে।
তথ্য প্রযুক্তি নির্ভর গ্রামীণ ডাকঘর নির্মাণ প্রকল্প।	প্রতিটি উপজেলায় কমপক্ষে ০১ টি করে ডাকঘর রেখে দূর্গম এলাকার ডাকঘরগুলিকে অগ্রাধিকার দিয়ে গ্রামীণ ডাকঘরের তালিকায় সংশোধন পূর্বক প্রকল্পের ডিপিপি পূণর্গঠন, প্রকল্পের বাস্তবায়ন শুরুর অন্যান্য প্রয়োজনীয় প্রক্রিয়া (ভূমি প্রাপ্তি এবং উন্নয়ন) সম্পাদ নে বিলম্বের কারণে প্রকৃতপক্ষে প্রকল্পটির বাস্তবায়ন কার্যক্রম দেরীতে শুরু হয় বিধায় প্রকল্পের বাস্তবায়ন মেয়াদ এবং ব্যয় বৃদ্ধি পায়।
বাংলাদেশ ডাক বিভাগের কার্যপ্রক্রিয়া স্বয়ংক্রিয়করণ প্রকল্প।	প্রকল্পের কর্ম-পরিধি বৃদ্ধি পাওয়ায় প্রকল্পের বাস্তবায়ন মেয়াদ এবং ব্যয় বৃদ্ধি পায়।
পোস্ট ই-সেন্টার ফর রুরাল কমিউনিটি প্রকল্প।	প্রকল্পের মাধ্যমে প্রান্তিক পর্যায়ে ইলেক্ট্রনিক সেবা প্রদানের ব্যবস্থা করা হয়েছে, যা নির্ধারিত সময়ে সমাপ্ত করা সম্ভব হয়নি বিধায় প্রকল্পের মেয়াদ বৃদ্ধি পেয়েছে কিন্তু ব্যয় অপরিবর্তিত রয়েছে।

৪। সমাপ্তকৃত প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে প্রধান প্রধান সমস্যা ও সুপারিশঃ

সমস্যাসমূহ	সুপারিশসমূহ
প্রকল্পের আওতায় ক্রয়কৃত যন্ত্রপাতির গায়ে তথ্য লিপিবদ্ধ/ট্যাগিং না করা এবং যথাযথভাবে যন্ত্রপাতির বিবরণ সম্পদ রেজিস্টার- এ লিপিবদ্ধ না করা।	প্রকল্পের আওতায় ক্রয়কৃত যন্ত্রপাতির গায়ে তথ্য লিপিবদ্ধ/ট্যাগিং করতে হবে এবং যথাযথভাবে যন্ত্রপাতির বিবরণ সম্পদ রেজিস্টার- এ লিপিবদ্ধ করতে হবে।
বিটিসিএল কর্তৃক প্রদেয় সেবা ও সুবিধা সম্পর্কে জনগণকে অবহিত করার ব্যবস্থা না করা এবং ইউনিয়ন ডিজিটাল সেন্টার হতে ইন্টারনেট সংযোগ ইউনিয়ন পরিষদ সংলগ্ন অন্যান্য অফিসে বিস্তৃত করার ব্যবস্থা না করা।	বিটিসিএল কর্তৃক প্রদেয় সেবা ও সুবিধা সম্পর্কে জনগণকে অবহিত করতে নিজস্ব 'ওয়েবসাইট' প্রণয়ন ও চালু এবং বহুল প্রচারের (বাংলা ও ইংরেজিতে লিফলেট প্রণয়ন, বিভিন্ন ইলেকট্রনিক মিডিয়ায় প্রচার ইত্যাদি) ব্যবস্থা গ্রহণ করতে হবে। ইউনিয়ন ডিজিটাল সেন্টার হতে ইন্টারনেট সংযোগ ইউনিয়ন পরিষদ সংলগ্ন অন্যান্য অফিসে বিস্তৃত করতে হবে এবং ব্যবহারকারীর বিস্তৃতি ঘটাতে হবে।
টেলিফোন এক্সচেঞ্জের বোর্ড রুম/সুইচ রুম অথবা যে সকল স্থানে গুরুত্বপূর্ণ যন্ত্রপাতি রয়েছে সে সকল স্থানের পর্যাপ্ত নিরাপত্তা না থাকা। সিসিটিবি ক্যামেরার আওতায় আনতে হবে।	টেলিফোন এক্সচেঞ্জের বোর্ড রুম/সুইচ রুম অথবা যে সকল স্থানে গুরুত্বপূর্ণ যন্ত্রপাতি রয়েছে সে সকল স্থান সিসিটিবি ক্যামেরার আওতায় আনতে হবে।
পোস্ট ই-সেন্টার হতে প্রদত্ত সেবাসমূহের মূল্য তালিকা ডাক অধিদপ্তর হতে জারি করা হয়নি বিধায় ভিন্ন ভিন্ন ই-সেন্টারে একই সেবার জন্য ভিন্ন মূল্য ধার্য করা হচ্ছে।	পোস্ট ই-সেন্টার হতে প্রদত্ত সেবাসমূহের মূল্য তালিকা ডাক অধিদপ্তর হতে সত্বর জারি করতে হবে।
স্থান সংকটের ফলে অনেক পোস্ট ই-সেন্টার ভাড়া করা ঘরে কার্যক্রম পরিচালনা করছে, পোস্ট ই-সেন্টারসমূহ হতে স্বল্প সংখ্যক সেবা প্রদান করা হচ্ছে এবং পোস্ট ই-সেন্টারসমূহের মালামালগুলোর পর্যাপ্ত নিরাপত্তা নেই।	যথাসম্ভব নিজস্ব স্থাপনায় পোস্ট ই-সেন্টারসমূহের কার্যক্রম পরিচালনার উদ্যোগ গ্রহণ করতে হবে। পোস্ট ই-সেন্টারসমূহ হতে প্রদত্ত সেবাসমূহের সংখ্যা বাড়াতে হবে এবং ইউনিয়ন ডিজিটাল সেন্টারে প্রদত্ত সেবাসমূহ ই-সেন্টারেও প্রবর্তন করতে হবে। ই-সেন্টারসমূহের মালামালগুলোর নিরাপত্তা বিধান করার জন্য জোরদার নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করতে হবে।
প্রকল্পভুক্ত অটোমেশন কার্যক্রমকে সফল করার জন্য পর্যাপ্ত জনবল (বিশেষ করে অপারেটর পর্যায়ে) না থাকা।	প্রকল্পভুক্ত অটোমেশন কার্যক্রমকে সফল করতে হলে পর্যাপ্ত জনবল নিয়োগ দিতে হবে, বিশেষ করে অপারেটর পর্যায়ে এ লোক নিয়োগ করা কর্মানুগ হবে।
ইন্টারনেট সেবা ও অন্যান্য ইলেকট্রনিক্স ডিভাইসগুলোকে সঠিকভাবে পরিচালনা করার জন্য সার্কেল ও ইউনিট পর্যায়ে পর্যাপ্ত বাজেট বরাদ্দ না থাকা।	ইন্টারনেট সেবা ও অন্যান্য ইলেকট্রনিক্স ডিভাইসগুলোকে সঠিকভাবে পরিচালনা করার জন্য সার্কেল ও ইউনিট পর্যায়ে পর্যাপ্ত বাজেট বরাদ্দ দিতে হবে।

১০০০টি ইউনিয়ন পরিষদে অপটিক্যাল ফাইবার কেবল নেটওয়ার্ক উন্নয়ন শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত: ডিসেম্বর, ২০১৬)

১.০ প্রকল্পের নাম : ১০০০টি ইউনিয়ন পরিষদে অপটিক্যাল ফাইবার কেবল নেটওয়ার্ক উন্নয়ন প্রকল্প।

২. বাস্তবায়নকারী সংস্থা : বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানী লিমিটেড

৩. উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ : ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়/ডাক ও টেলিযোগাযোগ বিভাগ

৪. প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয় :

(লক্ষ টাকায়)

অনুমোদিত ব্যয়		প্রকৃত ব্যয়	অনুমোদিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	মূল ব্যয়ের হ্রাস/বৃদ্ধি (মূল অনুঃ ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %)
মূল	সর্বশেষ সংশোধিত		মূল	সর্বশেষ সংশোধিত			
১	২	৩	৪	৫	৬	৭	৮
৭১৮৯৭.০৯	৬৭৯৮৭.৯১	৬৪৪৮০.৭৬	জানুয়ারি/২০১২ হতে জুন/২০১৪খ্রিঃ পর্যন্ত।	জানুয়ারি/২০১২ হতে ডিসেম্বর/২০১৬খ্রিঃ পর্যন্ত।	জানুয়ারি/২০১২ হতে ডিসেম্বর/২০১৬ খ্রিঃ পর্যন্ত।	-৩৫০৭.১৫ (-২০.৫০%)	২ বছর ৬ মাস (১০০%)

৫. ক্রমপুঞ্জিত অগ্রগতি : ৬৪৪৮০.৭৬ লক্ষ টাকা।

২.০ প্রকল্পের পটভূমি:

বাংলাদেশের ৮টি বিভাগে ৬৪ টি জেলায়১১৪ টি উপজেলারঅন্তর্গত১১০৯ টি ইউনিয়নে অপটিক্যাল ফাইবার কেবল স্থাপনের মাধ্যমে গ্রাম পর্যায়ে আইসিটি সেবা সম্প্রসারণ ও ইউনিয়ন তথ্যকেন্দ্র ইন্টারনেট সংযোগের ব্যাকবোন নেটওর্য়াক স্থাপন।

৩.০ প্রকল্পের উদ্দেশ্য: প্রকল্পের উদ্দেশ্যসমূহ নিম্নরূপ :

- বাংলাদেশেরসরকারের রূপকল্প “ভিশন ২০২১” বাস্তবায়নের লক্ষ্যে ডিজিটাল বাংলাদেশ গড়ার জন্য টেলিযোগাযোগ ব্যবস্থার উন্নয়ন ।
- আস্থাযোগ্য ও সশ্রয়ী আইসিটি সেবা বাংলাদেশেরগ্রাম পর্যায়ে বিস্তৃত করা।
- আইসিটির উন্নয়ন ও বিস্তারে সহায়তা করা ।
- দারিদ্র বিমোচনে সহায়তা করা ।

৪.০ প্রকল্প অনুমোদন ও সংশোধন:

১০০৬টি ইউনিয়ন পরিষদে অপটিক্যাল ফাইবার কেবল নেটওয়ার্ক উন্নয়ন প্রকল্পটি ৭১৮৯৭.০৯ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জানুয়ারি/২০১২খ্রিঃ হতে জুন/২০১৪খ্রিঃ মেয়াদে বাস্তবায়নের জন্য ২৪/০১/২০১২ তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়। পরবর্তীতে ১১০৯টি ইউনিয়নে কানেকটিভিটির জন্য ৬৭৯৮৭.৯১ লক্ষ টাকা ব্যয়ে প্রকল্প সংশোধন করা হয় এবং পরিকল্পনা কমিশন হতে ১৬/০৩/২০১৬ তারিখে ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে জানুয়ারি/২০১২ হতে ডিসেম্বর ২০১৬ পর্যন্ত অর্থাৎ ২ বছর ৬ মাস বৃদ্ধি করা হয়।

৫.০ প্রকল্পের অর্থায়ন: এডিপি/আরএডিপি বরাদ্দ, অবমুক্তি ও ব্যয় সংক্রান্ত অগ্রগতি

(লক্ষ টাকায়)

অর্থ বছর	আরএডিপি বরাদ্দ		প্রকৃত ব্যয়/অগ্রগতি			
	টাকা	বাস্তব লক্ষ্যমাত্রা	মোট ব্যয়	টাকা	প্রকল্প সাহায্য	বাস্তব %
২০১১-১২	১৫০.০০	০.১৮%	১২৪.৮১	১২৪.৮১	০.০০	০.১৭%
২০১২-১৩	১৭৩০.০০	২.২০%	১৬৯২.১২	১৬৯২.১২	০.০০	২.২0%
২০১৩-১৪	৩৫৫৮.০০	৪.৮০%	৩৫২৯.২৮	৩৫২৯.২৮	০.০০	৪.৭৯%
২০১৪-১৫	২৭০৪০.০০	৩০%	২৭০৩২.১৯	২৭০৩২.১৯	০.০০	৩০%
২০১৫-১৬	২৮৬০০.০০	৫৭.৮২%	২৮৫১৫.৬৭	২৮৫১৫.৬৭	০.০০	৫৭.৮২%
২০১৬-১৭	৩৫৮৭.০০	৫%	৩৫৮৬.৬৯	৩৫৮৬.৬৯	০.০০	৫%
মোট	৬৪৬৬৫.০০	১০০%	৬৪৪৮০.৭৬	৬৪৪৮০.৭৬	০.০০	১০০%

৬.০ প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি:

(লক্ষ টাকায়)

কাজের আইটেম (পিপি অনুসারে)	একক	লক্ষ মাত্রা (পিপি অনুসারে)		বাস্তব অগ্রগতি		বিচ্যুতির কারণ
		আর্থিক	ভৌত (পরিমান)	আর্থিক	ভৌত (পরিমান)	
(ক) রাজস্ব খাত:						
৪৫০০: কর্মকর্তাদের বেতন	জন	৫০২.০০	১৬ জন	৪১১.৪৯	১৬ জন	
৪৬০০: কর্মচারীদের বেতন	জন					
৪৭০০: ভাতাদি	জন					
৪৮০০: সরবরাহ ও সেবা সমূহ	থোক	১৫৫৮.৩৪	থোক	১২৩৫.৬৩	থোক	
৪৯০০: মেরামত ও সংরক্ষণ	থোক	৩০২.৫০	থোক	৩০২.৪৯	থোক	
৬৬০০: থোক বরাদ্দ	থোক	১০০.০০	থোক	১০০.০০	থোক	
উপমোট (ক)	থোক	২৪৬২.৮৪	থোক	২০৪৯.৬১	থোক	
(খ) মূলধন খাত:						
৬৮০০: ফরেন, লোকাল ইকুইপমেন্ট, ওএসপি ওয়ার্কসহ অন্যান্য কাজ ও যানবাহন		৬২৭৩৮.৬৯		৬০৬৪০.৬৫		
৬৯০০: জমি ও অন্যান্য সম্পত্তি অধিগ্রহণ		০.০০		০.০০		
৭০০০: পূর্ত কাজ		০.০০		০.০০		
৭৯০০: ইম্পোর্ট ডিউটি এন্ড ভ্যাট		২২৮৬.৩৮		১৭০০.০০	থোক	
৭৯৮০: রাস্তা কর্তনের ক্ষতিপূরণ		০.০০				
ক্যাপিটাল ব্লক এলোকেশন এন্ড মিস. ক্যাপিটাল এক্সপেনডিসার		৫০০.০০		৯০.৫০		
উপমোট (খ)		৬৫২৫.০৭		৬২৪৩১.১৫		
সর্বমোট (ক+খ)		৬৭৯৮৭.৯১		৬৪৪৮০.৭৬		

৭.০ কোন অঙ্গের বাস্তবায়ন অসম্পূর্ণ আছে কিনা: প্রযোজ্য নয়।

৮.০ প্রকল্পের ক্রয় কার্যক্রম:

(লক্ষ টাকায়)

কাজের নাম	আরডিপিপি অনুযায়ী	চুক্তিমূল্য	দরপত্র আহ্বানের তারিখ	চুক্তি স্বাক্ষরের তারিখ	চুক্তি অনুসারে কার্যসম্পাদনের তারিখ	কার্যসম্পাদনের প্রকৃত তারিখ
১	২	৩	৪	৫	৬	৭
গুডস						
১) সাপ্লাই, ইন্সট্রলেশন, টেষ্টিং এন্ড কমিশনিং অফ অপটিক্যাল ট্রান্সমিশন ইকুইপমেন্ট (এমএসপিপি) ফর সেভার ্যাল উপজেলা এন্ড ইউনিয়ন পরিষদস আন্ডার অপটিক্যাল ফাইবার নেটওয়ার্ক ডেভেলপমেন্ট ইন ১০০০ ইউনিয়ন পরিষদ প্রজেক্ট অফ বিটিসিএল অন টার্ন-কি বেসিস (প্যাকেজ-১)।	১৩৯৯	১৩৮৯	৩০.০৭.২০১৩	০৩.০৬.২০১৪	৩১.০৩.২০১৬	২৯.০৯.২০১৬
২) সাপ্লাই, ইন্সট্রলেশন, টেষ্টিং এন্ড কমিশনিং অফ অপটিক্যাল ট্রান্সমিশন ইকুইপমেন্ট (এমএসপিপি) ফর সেভার ্যাল উপজেলা এন্ড ইউনিয়ন পরিষদস আন্ডার অপটিক্যাল ফাইবার নেটওয়ার্ক ডেভেলপমেন্ট ইন ১০০০ ইউনিয়ন পরিষদ প্রজেক্ট অফ বিটিসিএল অন টার্ন-কি বেসিস (প্যাকেজ-২)।	১৬২৫	১৬১৫	৩০.১১.২০১৪	১৪.০৫.২০১৫	১৪.০২.২০১৬	৩১.১২.২০১৬
৩) সাপ্লাই, ইন্সট্রলেশন, টেষ্টিং এন্ড কমিশনিং অফ অপটিক্যাল ট্রান্সমিশন ইকুইপমেন্ট (এমএসপিপি) ফর সেভার ্যাল উপজেলা এন্ড ইউনিয়ন পরিষদস আন্ডার অপটিক্যাল ফাইবার নেটওয়ার্ক ডেভেলপমেন্ট ইন ১০০০ ইউনিয়ন পরিষদ প্রজেক্ট অফ বিটিসিএল অন টার্ন-কি বেসিস (প্যাকেজ-৩)।	২১৩৩	২১২১	২৫.১১.২০১৪	২৬.০৪.২০১৫	২৬.০১.২০১৬	৩১.১২.২০১৬
৪) সাপ্লাই, ইন্সট্রলেশন, টেষ্টিং এন্ড কমিশনিং অফ অপটিক্যাল ট্রান্সমিশন ইকুইপমেন্ট (এমএসপিপি) ফর সেভার ্যাল উপজেলা এন্ড ইউনিয়ন পরিষদস আন্ডার অপটিক্যাল ফাইবার নেটওয়ার্ক ডেভেলপমেন্ট ইন ১০০০ ইউনিয়ন পরিষদ প্রজেক্ট অফ বিটিসিএল অন টার্ন-কি বেসিস (প্যাকেজ-৪)।	১৭৭২	১৭৬৩	৩০.১১.২০১৪	২৬.০৪.২০১৫	২৬.০১.২০১৬	৩১.১২.২০১৬
৫) সাপ্লাই, ইন্সট্রলেশন, টেষ্টিং এন্ড কমিশনিং অফ অপটিক্যাল ট্রান্সমিশন ইকুইপমেন্ট (এমএসপিপি) ফর সেভার ্যাল উপজেলা এন্ড ইউনিয়ন পরিষদস আন্ডার অপটিক্যাল ফাইবার নেটওয়ার্ক ডেভেলপমেন্ট ইন ১০০০ ইউনিয়ন	১৬৫১	১৬৫১	২৪.০১.২০১৪	১৮.০৯.২০১৪	২৮.০৩.২০১৬	২১.০৩.২০১৭

কাজের নাম	আরডিপিপি অনুযায়ী	চুক্তিমূল্য	দরপত্র আহ্বানের তারিখ	চুক্তি স্বাক্ষরের তারিখ	চুক্তি অনুসারে কার্যসম্পাদনের তারিখ	কার্যসম্পাদনের প্রকৃত তারিখ
১	২	৩	৪	৫	৬	৭
পরিষদ প্রজেক্ট অফ বিটিসিএল অন টার্ন-কি বেসিস (প্যাকেজ-৫)।						
৬) সাপ্লাই, ইন্সট্রলেশন, টেষ্টিং এন্ড কমিশনিং অফ (গ্রেটার ঢাকা এন্ড ফরিদপুর ডিস্ট্রিক্ট) আর্থিং, ইলেকট্রিক্যাল গুডস, পাওয়ার লাইন এন্ড ফ্যাসিলিটেশন কমার্শিয়াল মেইন পাওয়ার কানেকশন এট ১৯১ ইউনিয়ন পরিষদস গ্রেটার ঢাকা এন্ড ফরিদপুর ডিস্ট্রিক্ট আন্ডার অপটিক্যাল ফাইবার নেটওয়ার্ক ডেভেলপমেন্ট ইন ১০০০ ইউনিয়ন পরিষদ প্রজেক্ট অফ বিটিসিএল অন টার্ন-কি বেসিস (প্যাকেজ-১২)।	৩৬২	৩১৫	১৬.০১.২০১৪	২৩.১১.২০১৪	২৩.০৫.২০১৫	২৩.১০.২০১৬
৭) সাপ্লাই, ইন্সট্রলেশন, টেষ্টিং এন্ড কমিশনিং অফ আর্থিং, ইলেকট্রিক্যাল গুডস, পাওয়ার লাইন এন্ড ফ্যাসিলিটেশন কমার্শিয়াল মেইন পাওয়ার কানেকশন এট ১৭৩ ইউনিয়ন পরিষদস অফ গ্রেটার সিলেট এন্ড গ্রেটার ময়মনসিংহ ডিস্ট্রিকস আন্ডার অপটিক্যাল ফাইবার নেটওয়ার্ক ডেভেলপমেন্ট ইন ১০০০ ইউনিয়ন পরিষদ প্রজেক্ট অফ বিটিসিএল অন টার্ন-কি বেসিস (প্যাকেজ-১৬)।	২৪৮	২০৭	৩০.০৬.২০১৪	২৭.০১.২০১৫	২৭.০৭.২০১৫	২১.০৩.২০১৬
ওয়ার্কস						
১) সাপ্লাই, ইন্সট্রলেশন, টেষ্টিং এন্ড কমিশনিং অফ আউট সাইট প্লান্ট (ওএসপি) ওয়ার্কস ফর অপটিক্যাল ফাইবার কেবল নেটওয়ার্ক ডেভেলপমেন্ট ইন ১০০০ ইউনিয়ন পরিষদ (প্যাকেজ-১; লট-এ: টোটাল ১০৪ ইউনিয়নস অফ গ্রেটার ঢাকা ডিস্ট্রিকস)”	৩৬৩৬	৩৬১৯	০৪.০৩.২০১৪	২০.১১.২০১৪	১৯.১১.২০১৫	২০.০৪.২০১৬
২) সাপ্লাই, ইন্সট্রলেশন, টেষ্টিং এন্ড কমিশনিং অফ আউট সাইট প্লান্ট (ওএসপি) ওয়ার্কস ফর অপটিক্যাল ফাইবার কেবল নেটওয়ার্ক ডেভেলপমেন্ট ইন ১০০০ ইউনিয়ন পরিষদ (প্যাকেজ-১; লট-বি: টোটাল ৮৭ ইউনিয়নস অফ গ্রেটার ফরিদপুর ডিস্ট্রিকস)”	২৯১৭	২৮৯৫	০৪.০৩.২০১৪	১৪.১০.২০১৪	১৩.১০.২০১৫	২৭.০১.২০১৬
৩) সাপ্লাই, ইন্সট্রলেশন, টেষ্টিং এন্ড কমিশনিং অফ আউট সাইট প্লান্ট (ওএসপি) ওয়ার্কস ফর অপটিক্যাল ফাইবার কেবল নেটওয়ার্ক ডেভেলপমেন্ট	২৪৭৪	২৩৬২	১০.১২.২০১৪	১৯.০৩.২০১৫	১৮.০৯.২০১৫	০৭.০৯.২০১৬

কাজের নাম	আরডিপিপি অনুযায়ী	চুক্তিমূল্য	দরপত্র আহ্বানের তারিখ	চুক্তি স্বাক্ষরের তারিখ	চুক্তি অনুসারে কার্যসম্পাদনের তারিখ	কার্যসম্পাদনের প্রকৃত তারিখ
১	২	৩	৪	৫	৬	৭
ইন ১০০০ ইউনিয়ন পরিষদ (প্যাকেজ-২; লট-এ: টোটাল ৯২ ইউনিয়নস: কুমিল্লা, নোয়াখালী, বি.বাড়ীয়া, লক্ষিপুর এন্ড চাঁদপুর ডিস্ট্রিকস)”						
৪-৫) সাপ্লাই, ইন্সট্রলেশন, টেষ্টিং এন্ড কমিশনিং অফ আউট সাইট প্লান্ট (ওএসপি) ওয়ার্কস ফর অপটিক্যাল ফাইবার কেবল নেটওয়ার্ক ডেভেলপমেন্ট ইন ১০০০ ইউনিয়ন পরিষদ (প্যাকেজ-২; লট-বি: টোটাল ১০১ ইউনিয়নস: ফেনী, চট্টগ্রাম এন্ড কক্সবাজার ডিস্ট্রিকস)” এন্ড লট-সি: টোটাল ১১ ইউনিয়নস: রামগতি, বান্দরবন এন্ড খাগড়াছড়ি ডিস্ট্রিকস।	৩৫৯৭	৩৫১৫	১০.১২.২০১৪	১৯.০৩.২০১৫	১৮.০৯.২০১৫	০৬.১০.২০১৬
৬-৭) সাপ্লাই, ইন্সট্রলেশন, টেষ্টিং এন্ড কমিশনিং অফ আউট সাইট প্লান্ট (ওএসপি) ওয়ার্কস ফর অপটিক্যাল ফাইবার কেবল নেটওয়ার্ক ডেভেলপমেন্ট ইন ১০০০ ইউনিয়ন পরিষদ (প্যাকেজ-৩; লট-এ: টোটাল ৮১ ইউনিয়নস: লালমনিরহাট, নীলফামারী, দিনাজপুর, ঠাকুরগাঁও এন্ড পঞ্চগড় ডিস্ট্রিকস)” এন্ড লট-বি: টোটাল ৮৬ ইউনিয়নস: রংপুর, গাইবান্ধা, কুড়িগ্রাম, নওগাঁ, বগুড়া এন্ড জয়পুরহাট ডিস্ট্রিকস।	৪৪৫২	৪৪১০	১৪.১১.২০১৪	০৬.০৪.২০১৫	১২.০৫.২০১৫	১১.১২.২০১৬
৮) সাপ্লাই, ইন্সট্রলেশন, টেষ্টিং এন্ড কমিশনিং অফ আউট সাইট প্লান্ট (ওএসপি) ওয়ার্কস ফর অপটিক্যাল ফাইবার কেবল নেটওয়ার্ক ডেভেলপমেন্ট ইন ১০০০ ইউনিয়ন পরিষদ (প্যাকেজ-৩; লট-সি: টোটাল ৭৮ ইউনিয়নস: পাবনা, চাঁপাইনবাবগঞ্জ, নাটোর, রাজশাহী এন্ড সিরাজগঞ্জ ডিস্ট্রিকস।	২২৪৩	২১৭০	১৪.১১.২০১৪	২৩.০৩.২০১৫	২২.০৯.২০১৫	০১.০৮.২০১৬
৯-১০) সাপ্লাই, ইন্সট্রলেশন, টেষ্টিং এন্ড কমিশনিং অফ আউট সাইট প্লান্ট (ওএসপি) ওয়ার্কস ফর অপটিক্যাল ফাইবার কেবল নেটওয়ার্ক ডেভেলপমেন্ট ইন ১০০০ ইউনিয়ন পরিষদ (প্যাকেজ-৪; লট-এ: টোটাল ১০৪ ইউনিয়নস: নরাইল, ঝিনাইদহ, মাগুরা, কুষ্টিয়া, চুয়াডাঙ্গা, মেহেরপুর এন্ড যশোর ডিস্ট্রিকস)চ এন্ড লট-বি: টোটাল ৯০ ইউনিয়নস: বাগেরহাট, সাতক্ষিরা, খুলনা, বরিশাল, পিরোজপুর, ঝালকাঠি, ভোলা,	৪৯১৮	৪৮৯৯	০২.০২.২০১৪	২৪.০৫.২০১৫	২৩.১১.২০১৫	১১.০৯.২০১৬

কাজের নাম	আরডিপিপি অনুযায়ী	চুক্তিমূল্য	দরপত্র আহ্বানের তারিখ	চুক্তি স্বাক্ষরের তারিখ	চুক্তি অনুসারে কার্যসম্পাদনের তারিখ	কার্যসম্পাদনের প্রকৃত তারিখ
১	২	৩	৪	৫	৬	৭
পটুয়াখালী এন্ড বরগুনা ডিস্ট্রিকস।						
১১-১২) সাপ্লাই, ইন্সট্রলেশন, টেষ্টিং এন্ড কমিশনিং অফ আউট সাইট প্লান্ট (ওএসপি) ওয়ার্কস ফর অপটিক্যাল ফাইবার কেবল নেটওয়ার্ক ডেভেলপমেন্ট ইন ১০০০ ইউনিয়ন পরিষদ (প্যাকেজ-৫; লট-এ: টোটাল ৮৯ ইউনিয়নস অফ ময়মনসিংহ, জামালপুর, শেরপুর এন্ড টাংগাইল ডিস্ট্রিকস এন্ড লট-বি: টোটাল ৮৪ ইউনিয়নস অফ সিলেট, কিশোরগঞ্জ, নেত্রকোণা, হবিগঞ্জ, মৌলভী বনাজার এন্ড সুনামগঞ্জ ডিস্ট্রিকস।	৪৯৪৪	৪৯৩৮	০৪.০৬.২০১৪	২০.০১.২০১৫	১৯.০১.২০১৬	২০.০৪.২০১৬
১৩) সাপ্লাই, ইন্সট্রলেশন, টেষ্টিং এন্ড কমিশনিং অফ অপটিক্যাল ফাইবার কেবল নেটওয়ার্কস ডেভেলপমেন্ট ইন ১০০০ ইউনিয়ন পরিষদ (প্যাকেজ-এ) (টোটাল ৫৫ ইউনিয়নস অফ বাগেরপাড়া, চৌগাছা, গাংনী, দাউদকান্দি এন্ড নাগরপুর উপজেলাস)।	৩৪৬৭	৩৪৬০	০৭.০১.২০১৬	০৩.০৫.২০১৬	০২.০৯.২০১৬	০৮.০২.২০১৭
১৪) সাপ্লাই, ইন্সট্রলেশন, টেষ্টিং এন্ড কমিশনিং অফ অপটিক্যাল ফাইবার কেবল নেটওয়ার্কস ডেভেলপমেন্ট ইন ১০০০ ইউনিয়ন পরিষদ (প্যাকেজ-বি) (টোটাল ৫৫ ইউনিয়নস অফ জৈন্তাপুর, গোয়াইনঘাট, কোম্পানীগঞ্জ, মোহনগঞ্জ, পূর্বাধলা, খালিয়াজুরী এন্ড বড়লেখা উপজেলাস)।	৪০৭৮	৪০৩৪	০৭.০১.২০১৬	৩০.০৬.২০১৬	২৯.১০.২০১৬	২৬.১০.২০১৬

৯.০ প্রকল্পটির কার্যক্রম আইএমইডি কর্তৃক পরিবীক্ষন করা হয়েছে।

পরিদর্শনকারী কর্মকর্তার নাম ও পদবী	পরিদর্শন তারিখ
জনাব মোঃ নিয়াজুল হক, পরিচালক (অতিরিক্ত সচিব), আইএমইডি, প্লানিং কমিশন	০৬-১০-২০১৫ থেকে ০৭-১০-২০১৫
জনাব সুমন দাস, সহকারী পরিচালক, আইএমইডি, প্লানিং কমিশিন	২৩-০৬-২০১৫ হতে ২৪-০৬-২০১৫

১০.০ প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য :

নাম ও পদবী	পূর্ণকালীন/খন্ডকালীন	যোগদানের তারিখ	বদলীর তারিখ	মেয়াদকাল
জনাব তমাল কান্তি নন্দী, প্রধান কর্মাধ্যক্ষ/ প্রকল্প পরিচালক	পূর্ণকালীন	০১/০৩/২০১২খ্রিঃ	২৫/১০/২০১২খ্রিঃ	০১/০৩/২০১২খ্রিঃ হতে ২৫/১০/২০১২খ্রিঃ

নাম ও পদবী	পূর্ণকালীন/খন্ডকালীন	যোগদানের তারিখ	বদলীর তারিখ	মেয়াদকাল
জনাব মোঃ আমিনুল হাসান, প্রধান কর্মাধ্যক্ষ/প্রকল্প পরিচালক	পূর্ণকালীন	২৫/১০/২০১২খ্রিঃ	০১/১১/২০১২খ্রিঃ	২৫/১০/২০১২খ্রিঃ হতে ০১/১১/২০১২খ্রিঃ
জনাব মোঃ কবির হোসেন ভূঁঞা, প্রধান কর্মাধ্যক্ষ/প্রকল্প পরিচালক	পূর্ণকালীন	০১/১১/২০১২খ্রিঃ	০৯/০২/২০১৪খ্রিঃ	০১/১১/২০১২খ্রিঃ হতে ০৯/০২/২০১৪খ্রিঃ
জনাব সৈয়দ আলী আহসান, প্রধান কর্মাধ্যক্ষ/প্রকল্প পরিচালক	পূর্ণকালীন	০৯/০২/২০১৪খ্রিঃ	১৩/০২/২০১৪খ্রিঃ	০৯/০২/২০১৪খ্রিঃ হতে ১৩/০২/২০১৪খ্রিঃ
জনাব মোঃ মঈন উদ্দীন, প্রধান কর্মাধ্যক্ষ/প্রকল্প পরিচালক	পূর্ণকালীন	১৩/০২/২০১৪খ্রিঃ	০৬/০৩/২০১৪খ্রিঃ	১৩/০২/২০১৪খ্রিঃ হতে ০৬/০৩/২০১৪খ্রিঃ
জনাব খান আতাউর রহমান, প্রধান কর্মাধ্যক্ষ/প্রকল্প পরিচালক	পূর্ণকালীন	০৬/০৩/২০১৪খ্রিঃ	২০/০৩/২০১৪খ্রিঃ	০৬/০৩/২০১৪খ্রিঃ হতে ২০/০৩/২০১৪খ্রিঃ
জনাব মোঃ মঈন উদ্দীন, প্রধান কর্মাধ্যক্ষ/প্রকল্প পরিচালক	পূর্ণকালীন	২০/০৩/২০১৪খ্রিঃ	--	২০/০৩/২০১৪খ্রিঃ ৩১/১২/২০১৬খ্রিঃ

১১.০ অডিট সংক্রান্ত:

নিরীক্ষাকাল	নিরীক্ষা প্রতিবেদন জমার তারিখ	প্রধান তথ্যসমূহ/আপত্তিসমূহ	আপত্তি নিরসন হয়েছে কি-না
২০১১-১২ হতে ২০১৪-১৫ পর্যন্ত।	১২-১১-২১৫	২৭,৪৭৮/= টাকার ভ্যাট কম কাটায়/ না কাটায় সরকারি রাজস্ব ক্ষতি।	নিষ্পত্তিকৃত
	১২-১১-২১৫	সরকারি বাসায় বসবাসকারীদের নিকট হতে সরকার নির্ধারিত হার অপেক্ষা কমহারে বাসাভাড়া কর্তন করায় রাজস্ব ক্ষতি।	সংশ্লিষ্ট কর্মকর্তাদের অডিট ক্লিয়ারেন্স এ আপত্তিকৃত টাকা আদায়ের জন্য উল্লেখ করা হয়েছে।
	১২-১১-২১৫	আয়কর বাবদ ৮,০৬,৬০৩/= এবং ভ্যাট বাবদ ১৯,২৯,০১০/= টাকা মোট ২৭৩৫৬১৩/= টাকার সিটিআর না করা প্রসঙ্গে।	নিষ্পত্তিকৃত
	১২-১১-২১৫	ভ্রমণ ভাতা বিলের মাধ্যমে টিএ/ডিএ বাবদ ২১,৬৭০/= টাকা অতিরিক্ত পরিশোধ।	সংশ্লিষ্ট কর্মকর্তার অডিট ক্লিয়ারেন্স এ উক্ত টাকা আদায়ের জন্য উল্লেখ করা হয়েছে।
২০১৫-১৬ হতে ২০১৬-১৭ পর্যন্ত।	২৩-০২-২০১৭	প্রভিশনাল একচেপটেন্স টেষ্ট (পিএটি) ব্যতিত ৪,৩৮,১৬,০৬৭/= অনিয়মিত পরিশোধ।	মীমাংসার জন্য আপত্তির জবাব এজি টিমকে প্রদান করা হয়েছে।
	২৩-০২-২০১৭	সিডি/ভ্যাট খাতে অব্যয়িত ৬,৬৪,৮৩,১৮৭/০৫ টাকা সরকারি কোষাগারে জমা প্রদান সংক্রান্ত।	মীমাংসার জন্য আপত্তির জবাব এজি টিমকে প্রদান করা হয়েছে।
	২৩-০২-২০১৭	ঠিকাদার/সরবরাহকারী প্রতিষ্ঠানের পরিশোধিত বিল ভ্যাট বাবদ ১,০৩,৬৫,৯৪৯/= টাকা কর্তন না করায় সরকারি রাজস্ব ক্ষতি।	নিষ্পত্তিকৃত

১২.০ প্রকল্পের উদ্দেশ্য অর্জন:

আরডিপিপি অনুযায়ী লক্ষ্য	প্রকৃত অর্জন
প্রকল্পের লক্ষ্য সমূহ:	
১। বাংলাদেশের সরকারের রূপকল্প "ভিশন ২০২১" বাস্তবায়নের লক্ষ্যে ডিজিটাল বাংলাদেশ গড়ার জন্য টেলিযোগাযোগ ব্যবস্থার উন্নয়ন।	১। বাংলাদেশের সরকারের রূপকল্প "ভিশন ২০২১" বাস্তবায়নের লক্ষ্যে ডিজিটাল বাংলাদেশ গড়ার জন্য গ্রাম পর্যায় পর্যন্ত উচ্চ ক্ষমতা সম্পন্ন , শক্তিশালী এবং আধুনিক অপটিক্যাল টেলিযোগাযোগ নেটওয়ার্ক স্থাপন।
২। আস্থাযোগ্য ও সশ্রয়ী আইসিটি সেবা বাংলাদেশের গ্রাম পর্যায়ে বিস্তৃত করা।	২। ১২২৩টি এমএসপিপি (১১৪টি উপজেলায় এবং ১১০৯টি ইউনিয়ন পরিষদে) অপটিক্যাল ট্রান্সমিশন নোড এবং নেটওয়ার্ক ম্যানেজমেন্ট ও মনিটরিং এর জন্য ০৩ (তিন) টি এনএমএস স্থাপন করা হয়েছে। বিটিসিএল উপরোক্ত নোড ও এনএমএস এর মাধ্যমে কম খরচে গ্রাম পর্যায় পর্যন্ত ব্রড ব্যান্ড ডাটা-ইন্টারনেট সার্ভিস দেশের জনগণকে দেওয়া শুরু করেছে।
৩। আইসিটির উন্নয়ন ও বিস্তারে সহায়তা করা।	৩। ৮০০০ কি.মি. ভূগর্ভস্থ অপটিক্যাল ফাইবার কেবল স্থাপনের মাধ্যমে আইসিটি সেবার উন্নয়ন ও বিস্তার করেছে।
৪। দারিদ্র বিমোচনে সহায়তা করা।	৪। ১১০৯টি ইউনিয়ন পরিষদে কর্মরত ০২ জন উদ্যোক্তা (একজন পুরুষ ও একজন নারী) স্থাপিত অপটিক্যাল লিংক ব্যবহার করে গ্রাম পর্যায়ে সকল ধরনের ডিজিটাল সেবা জনগণের দোর গোড়ায় পৌঁছে দিয়ে নিজে আর্থিকভাবে লাভবান হচ্ছে এবং গরীব জনগণও সহজে সেবা লাভ করে আর্থিকভাবে সুবিধা লাভ করছে – এতে দারিদ্র বিমোচনে ব্যাপক ভূমিকা রাখছে।

১৩.০ প্রকল্প পরিদর্শন:

"১০০০টি ইউনিয়ন পরিষদে অপটিক্যাল ফাইবার কেবল নেটওয়ার্ক উন্নয়ন" প্রকল্পটি ডিসেম্বর, ২০১৬ সালে সমাপ্ত হওয়ায় গত ১২/০৩/২০১৮ খ্রি: তারিখে সমাপ্ত প্রকল্প মূল্যায়নের নিমিত্তে শেরপুর জেলার ১নং কামারেরচর ইউনিয়ন ও ২নং চরশেরপুর ইউনিয়ন ডিজিটাল সেন্টার ও ১৫/০৩/২০১৮ খ্রি: তারিখে ময়মনসিংহ জেলার সদর উপজেলার ১১ নং খাগড়া ইউনিয়ন ডিজিটাল সেন্টার, ১০নং দাপুনিয়া ইউনিয়ন ডিজিটাল সেন্টার ও ৮নং আকুয়া ইউনিয়ন ডিজিটাল সেন্টার আইএমইডি-এর পক্ষ হতে পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে জনাব কাজী কামরুল হাসান, সহকারী প্রকৌশলী ও প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

শেরপুর জেলার ১নং কামারেরচর ইউনিয়ন ডিজিটাল সেন্টার পরিদর্শনকালে অপটিক্যাল ফাইবার নেটওয়ার্ক এর ইন্টানেট স্পীড পরিক্ষা করে দেখা হয়। পরিক্ষান্তে ইন্টারনেট সংযোগ ও গতি পরিক্ষা করে সঠিক পাওয়া যায়। ইউনিয়ন ডিজিটাল সেন্টারের পরিচালক এর সাথে কথা বলে জানা যায় তার মাসিক আয় গড়ে ২০.০০ (বিশ) হাজার টাকা। পরিদর্শনকালে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান উপস্থিত ছিলেন।

শেরপুর জেলার ২নং চরশেরপুর ইউনিয়ন ডিজিটাল সেন্টার পরিদর্শনকালে অপটিক্যাল ফাইবার নেটওয়ার্ক এর ইন্টানেট স্পীড পরিক্ষা করে দেখা হয়। পরিক্ষান্তে ইন্টারনেট সংযোগ ও গতি পরিক্ষা করে সঠিক পাওয়া যায়। ইউনিয়ন ডিজিটাল সেন্টারের পরিচালক এর সাথে কথা বলে জানা যায় তার মাসিক আয় গড়ে ১৫.০০ (পনের) হাজার টাকা। গড়ে মাসিক সেবা গ্রহিতা ৩০০ জন।

ময়মনসিংহ জেলার সদর উপজেলার ১১ নং খাগড়া ইউনিয়ন ডিজিটাল সেন্টার পরিদর্শনকালে অপটিক্যাল ফাইবার নেটওয়ার্ক এর ইন্টানেট স্পীড পরিক্ষা করে দেখা হয়। পরিক্ষান্তে ইন্টারনেট সংযোগ ও গতি পরিক্ষা করে সঠিক পাওয়া যায়। ইউনিয়ন ডিজিটাল সেন্টারের পরিচালক এর সাথে কথা বলে জানা যায় তার মাসিক আয় গড়ে ২০.০০ (বিশ) হাজার টাকা। ইউনিয়ন ডিজিটাল সেন্টারটি অগোছালো এবং অপরিষ্কার অবস্থায় পাওয়া যায়।

ময়মনসিংহ জেলার সদর উপজেলার ১০নং দাপুনিয়া ইউনিয়ন ডিজিটাল সেন্টার পরিদর্শনকালে অপটিক্যাল ফাইবার নেটওয়ার্ক এর ইন্টানেট স্পীড পরিক্ষা করে দেখা হয়। পরিক্ষান্তে ইন্টারনেট সংযোগ ও গতি পরিক্ষা করে সঠিক পাওয়া যায়। ইউনিয়ন ডিজিটাল সেন্টারের পরিচালক এর সাথে কথা বলে জানা যায় তার মাসিক আয় গড়ে ২৫.০০ (পঁচিশ) হাজার টাকা। ইউনিয়ন ডিজিটাল সেন্টারটি অগোছালো এবং অপরিষ্কার অবস্থায় পাওয়া যায়।

ময়মনসিংহ জেলার সদর উপজেলার ৮নং আকুয়া ইউনিয়ন ডিজিটাল সেন্টার পরিদর্শনকালে অপটিক্যাল ফাইবার নেটওয়ার্ক এর ইন্টানেট স্পীড পরিক্ষা করে দেখা হয়। পরিক্ষান্তে ইন্টারনেট সংযোগ ও গতি পরিক্ষা করে সঠিক পাওয়া যায়। ইউনিয়ন ডিজিটাল সেন্টারের পরিচালক এর সাথে কথা বলে জানা যায় তার মাসিক আয় গড়ে ২৫.০০ (পঁচিশ) হাজার টাকা। ইউনিয়ন ডিজিটাল সেন্টারটি অগোছালো এবং অপরিষ্কার অবস্থায় পাওয়া যায়।

<u>প্রকল্প পরিদর্শনকালীন স্থির চিত্রঃ</u>



চিত্রঃ১ MUX মেশিন



চিত্রঃ২ খোলা MUX মেশিন



চিত্রঃ স্থাপিত রেকটিফায়ার



চিত্রঃ৪ কামারের চর ইউনিয়ন ডিজিটাল সেন্টার

১৪.০ আইএমইডি'র পর্যবেক্ষণ: ৬৪৪৮০.৭৭ লক্ষ টাকা ব্যয়ে ১২৪১টি ইউনিয়ন পরিষদে অপটিক্যাল ফাইবার ক্যাবল নেটওয়া র্ক স্থাপন করা হয়েছে। প্রায় ৫২.০০ লক্ষ টাকা ব্যয়ে গড়ে ১টি ইউনিয়নে অপটিক্যাল ফাইবার ক্যাবল ও যন্ত্রপাতি স্থাপন করা হয়েছে। গড়ে এক একটি ইউনিয়ন ডিজিটাল সেন্টার শুধু ইন্টারনেট ভিত্তিক সেবা প্রদান করে মাসে আনুমানিক ৫০০০.০০ টাকা আয় করে থাকে। ব্যয়ের তুলনায় প্রাপ্ত আয়/সুবিধা অপ্রতুল মনে হয়েছে। ইউনিয়ন ডিজিটাল সেন্টারের ২ (দুই) জন উদ্যোক্তার জন্য এই অপটিক্যাল ফাইবার ক্যাবলসহ ইন্টারনেট সংযোগ ব্যব হৃত হচ্ছে। তিনি সারা মাসে গড়ে ৩০০ (তিনশত) ব্যাক্তিকে ইন্টারনেট ভিত্তিক সেবা প্রদান করে থাকেন । ব্যবহারকারীর সংখ্যা নিয়োজিত বিনিয়োগের তুলনায়

কম। পরিদর্শনকারী কর্মকর্তা ৫টি ইউনিয়ন ডিজিটাল সেন্টার পরিদর্শন করেন। তার মধ্যে ৩টি ডিজিটাল সেন্টারের MSPP (MUX=multiplexing equipment) যন্ত্রে ও কক্ষে ধুলা-ময়লা পাওয়া যায়। পরিদর্শনকালে, MUX যন্ত্র চলমান অবস্থায় ছিল যা শব্দ সৃষ্টি করছিল। এই শব্দে একজন ব্যক্তির পক্ষে কাজ করা কঠিন। উদ্যোক্তাগণ প্রচন্ড শব্দে কাজ করতে অসুবিধা হয় মর্মে জানিয়েছেন। পরিদর্শনে ইন্টারনেট সংযোগ সঠিক পাওয়া যায়।

১৫.০ আইএমইডি'র মতামত/সুপারিশ:

১৫.১ সারা বাংলাদেশের যে সকল স্থানে এ প্রকল্পের আওতায় যন্ত্রপাতি ক্রয় ও সংস্থাপন করা হয়েছে সে সকল যন্ত্রপাতির গায়ে প্রকল্পের নাম, ক্রয়ের তারিখ, ওয়ারেন্টি শেষ হওয়ার তারিখসহ ক্রমিক নম্বর লিপিবদ্ধ/ট্যাগিং করতে হবে। এই ক্রমিক নম্বর যথাযথভাবে সম্পদ রেজিস্টার- এ লিপিবদ্ধ করতে হবে;

১৫.২ টেলিফোন এক্সচেঞ্জের বোর্ড রুম/সুইচ রুম অথবা যে সকল স্থানে গুরুত্বপূর্ণ যন্ত্রপাতি রয়েছে সে সকল স্থান সিসিটিবি ক্যামেরার আওতায় আনতে হবে।

১৫.৩ এ প্রকল্পের মাধ্যমে বিটিসিএল কর্তৃক প্রদেয় সেবা ও সুবিধা সম্পর্কে সংশ্লিষ্ট সকলকে/জনগণকে অবহিত করাসহ নিজস্ব 'ওয়েবসাইট' প্রণয়ন ও চালু এবং বহুল প্রচারের (বাংলা ও ইংরেজিতে লিফলেট প্রণয়ন, বিভিন্ন ইলেকট্রনিক মিডিয়ায় প্রচার ইত্যাদি) ব্যবস্থা গ্রহণ করতে হবে।

১৫.৪ ইউনিয়ন ডিজিটাল সেন্টার হতে ইন্টারনেট সংযোগ ইউনিয়ন পরিষদ সংলগ্ন অন্যান্য অফিসে (স্কুল, কলেজ, পোস্ট অফিস, মাদ্রাসাসহ এনজিও অফিস ও অন্যান্য) বিস্তৃত করতে হবে। প্রায় ৫২ লক্ষ টাকা ব্যয়ে এক একটি ইউনিয়নে অপটিক্যাল ফাইবার নেটওয়ার্ক স্থাপন করা হয়েছে বিধায় এর ব্যবহারকারীর বিস্তৃতি ঘটাতে হবে।

১৫.৫ TEJAS ব্র্যান্ডের MUX মেশিনসমূহ প্রচন্ড শব্দ সৃষ্টি করে থাকে। এ যন্ত্র ক্রয়ের সময় কত ডেসিবল শব্দ সৃষ্টি করবে তা যাচাই করা প্রয়োজন ছিল। বর্তমানে এ মেশিনসমূহের শব্দ সৃষ্টির কারণ নির্ণয় ও সমাধান করা প্রয়োজন। প্রযোজ্য ক্ষেত্রে মেশিন সরবরাহকারী প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ করে মেশিন পরিবর্তন করে নেয়া যেতে পারে।

১৫.৬ TEJAS ব্রান্ডের MSPP (MUX) যন্ত্রপাতি ও র্যা।ক কেসিন বিহীন ও খোলা থাকায় ধুলা-ময়লা ও ঝুল লেগে থাকে বিধায় এ যন্ত্রে কেসিন সংযুক্ত করা যেতে পারে ।

১৫.৭ বর্তমানে দেশে 4G ওয়্যারলেস প্রযুক্তি চালু হয়েছে। ভবিষ্যতে এ জাতীয় প্রকল্প গ্রহণের পূর্বে প্রকল্পের প্রযুক্তি, প্রকল্পের ব্যয়, প্রকল্পের ব্যবহারকারী এবং প্রকল্প হতে প্রাপ্ত সুবিধা এবং আয় বিবেচনায় নিয়ে প্রকল্প গ্রহণ করতে হবে।

১৫.৮ উপরোক্ত সুপারিশ/মতামত (অনুচ্ছেদ ১৫.১ হতে ১৫.৭) অনুযায়ী প্রযোজ্য ক্ষেত্রে গৃহীত ব্যবস্থা প্রশাসনিক মন্ত্রণালয় ও প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা আগামী ২১ (একুশ) দিনের মধ্যে বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগকে অবহিত করবে।

১. প্রকল্পের নাম : বাংলাদেশ ডাক বিভাগের কার্যপ্রক্রিয়া স্বয়ংক্রিয়করণ প্রকল্প

২. বাস্তবায়নকারী সংস্থা : বাংলাদেশ ডাক বিভাগ

৩. উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ : ডাক টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়

৪. প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয় : জুলাই ২০০৮ হতে জুন ২০১৭ পর্যন্ত ব্যয় ৪২৫৮.২৮

(লক্ষ টাকায়)

অনুমোদিত ব্যয়		প্রকৃত ব্যয়	অনুমোদিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়ন কাল	মূল ব্যয়ের হ্রাস/বৃদ্ধি (মূল অনুঃ ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %)
মূল	সর্বশেষ সংশোধিত		মূল	সর্বশেষ সংশোধিত			
১	২	৩	৪	৫	৬	৭	৮
৩১৮০.২০	৫০৫৯.৪৭	৪২৫৮.২৮	জুলাই ২০০৮ হতে জুন ২০১১	নভেম্বর ২০১৫ হতে জুন ২০১৭	জুলাই ২০০৮ হতে জুন ২০১৭	১৮৭৯.২৭ (৫৯.০৯%)	৬ বছর (২০০%)

৫. ক্রমপুঞ্জিত অগ্রগতি : ৪২৫৮.২৮ (লক্ষ টাকায়)

২.০ প্রকল্পের পটভূমি :

সনাতন কার্যক্রমের পরিবর্তে তথ্যপ্রযুক্তি নির্ভর কার্যক্রম গ্রহণ কাজের গতি বৃদ্ধি করে এবং জনগন অল্প সময়ের মধ্যে প্রয়োজনীয় কার্যক্রম সম্পাদন করতে সক্ষম হয়। বাংলাদেশ পোস্ট অফিস প্রাচীন ও ঐতিহ্যবাহী সংগঠন হিসেবে ১৮৯৮ সালের আইন অনুযায়ী ভারতীয় উপমহাদেশে কার্যক্রম অব্যাহত রেখেছে। সময়ের পরিবর্তন ও যুগোপযোগী কার্যক্রম পরিচালনা করার স্বার্থে এবং ডিজিটাল ডিভাইড নিরসন করার জন্য বাংলাদেশ পোস্টঅফিস তথ্য প্রযুক্তি নির্ভর কার্যক্রম গ্রহণ করে জনগণকে উত্তরোত্তর উত্তম সেবা প্রদানের অভিপ্রায়ে কার্যপ্রক্রিয়া সয়ংক্রিয় করণ কার্যক্রম গ্রহণ করে। সরকারের রূপকল্প ২০২১ কে সামনে রেখে ডাক বিভাগের কার্যক্রমকে ডিজিটালাইজড করার জন্য প্রসেস অটোমেশন প্রকল্পটি সময়ের চাহিদা অনুযায়ী ডাক বিভাগ গ্রহণ করে এবং বাস্তবায়ন করে।

৩.০ প্রকল্পের উদ্দেশ্য :

প্রকল্পের মূল উদ্দেশ্যসমুহ নিম্নরূপ :

ক) কাস্টমারগণের পছন্দ ও উত্তম সেবা প্রদানের জন্য অটোমেশন প্রকল্পটি গৃহীত হয়।

খ) আর্ন্তজাতিক ও অভ্যন্তরীন পোস্টাল বাজারের পরিবর্তনের সাথে নতুন চ্যালেঞ্জ গ্রহণ করার জন্য অটোমেশন প্রকল্পটি গৃহীত হয়।

গ) সরকারী ও বেসরকারী প্রতিষ্ঠানের মধ্যে নির্ভরযোগ্য নেটওয়ার্ক গড়ে তোলার জন্য ডাক বিভাগ অটোমেশন প্রকল্পটি গ্রহণ করে।

ঘ) পোস্ট অফিসের সার্ভিস চার্টার সঠিকভাবে অনুসরণ করার জন্য অটোমেশন প্রকল্প এর অন্যতম লক্ষ্য।

ঙ) ভবিষ্যতে কাগজ বিহীন ডাক কার্যক্রম পরিচালনার জন্য যুগোপযোগী ও কার্যকর সফটওয়্যার প্রস্তুত করা এর অন্যতম লক্ষ্য।

চ) ট্যাকিং এবং ট্রেসিং সুবিধা আরো বৃদ্ধি করা অটোমেশন প্রকল্পের আরো একটি লক্ষ্য।

ছ) বৃহৎ আকারে ডাটা ম্যানেজমেন্ট ও রেকর্ড সংরক্ষণ করাও অটোমেশন প্রকল্পের অন্যতম লক্ষ্য।

৪.০ প্রকল্প অনুমোদন ও সংশোধন:

প্রকল্পটি ৩১৮০.২০ (ল ক্ষ টাকায়) টাকায় জুলাই/২০০৮ থেকে শু রু হয়। বা স্তবায়ন কাল ছিল ৩০ জুন, ২০১১। পরবর্তীতে প্রকল্পটি প্রথম রিভাইস করা হয়। রিভাইস এর পর প্রাক্কলিত এস্টিমেট হয় ৫০৫৯.৪৭ (ল ক্ষ টাকায়) টাকা। প্রথম রিভাইসে সময় বৃদ্ধি করে ২০১৫ পর্য ন্ত প্রকল্পটির মেয়াদকাল পুনঃ নির্ধারণ করা হয়। উক্ত সময়ে ডাক বিভাগের ৮৪টি হেড অফিসকে অটোমেশনের আওতায় আনা হয়। পরবর্তীতে দেখা যায়, ৮৪টি হেড অফিস অটোমেশন করতে যে পরিমাণ খরচ হয়েছে এর থেকেও আরো অনেক টাকা অব্যয়িত থেকে যায়। বিষয়টি উপলব্ধি করে ডাক বিভাগের অধীন আরো ২০০টি উপজেলা/ সাব অফিসকে অটোমেশনের আওতায় আনার জন্য দ্বিতীয় রিভিশন করা হয়। যার মেয়াদকাল ৩০ শে জুন, ২০১৭ পুনঃ নির্ধারণ করা হয়।

৫.০ **প্রকল্পের অর্থায়ন :** এডিপি/আরএডিপি বরাদ্দ, অবমুক্তি ও ব্যয় সংক্রান্ত সার্বিক অগ্রগতি

(লক্ষ টাকায়)

অর্থ বছর	আরএডিপি বরাদ্দ		প্রকৃত ব্যয়/অগ্রগতি			
	টাকা	বাস্তব লক্ষ্যমাত্রা	মোট ব্যয়	টাকা	প্রকল্প সাহায্য	বাস্তব %
২০০৮-০৯	১০০.০০	১.৯৮%	৯৯.০৪	৯৯.০৪		১.৯৬%
২০০৯-১০	৩৫০.০০	৬০৯২%	৩৪৪.০৬	৩৪৪.০৬		৬.৮০%
২০১০-১১	৫৭৫.০০	১১.৩৬%	৫৭২.৩৫	৫৭২.৩৫		১১.৩১%
২০১১-১২	৮১৬.০০	১৬.১৩%	৭৯৭.৪২	৭৯৭.৪২		১৫.৭৬%
২০১২-১৩	৭২৯.৮৫	১৪.৪২%	৫০৩.৩০	৫০৩.৩০		৯.৯৫%
২০১৩-১৪	৫৭৫.০০	১১.৩৬%	৫২৫.৬৩	৫২৫.৬৩		১০.৩৯%
২০১৪-১৫	৩২৫.০০	৬.৪২%	২৬৩.৩৮	২৬৩.৩৮		৫.২০%
২০১৫-১৬	১৮৩.০০	৩.৬২%	৯২.৯৬	৯২.৯৬		১.৮৪%
২০১৬-১৭	১২০৭.০০	২৩.৮৬%	১০৬০.১৪	১০৬০.১৪		২৫.৯৫%

৬.০ **প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি** (লক্ষ টাকায়)

উপাদানের নাম	একক	লক্ষ্যমাত্রা		মূল অগ্রগতি	
		আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব
১	২	৩	৪	৫	৬
(ক) রাজস্ব উপাদান:					
কর্মকর্তাদের বেতন (৪৫০১)	এনওএস	৩৩০.০০		২৬৯.২৭	১০০
কর্মচারীদের বেতন (৪৬০১)	এনওএস	০০.০০		০০.০০	
অতিরিক্ত কাজের ভাতা (৪৭০০)	এনওএস	৯০.০০		৫৭.৬১	
ভ্রমণ ভাতা (৪৮০১)	এলএস	৩৩.০০		২৪.৬৭	
সম্মানীভাতা (৪৮৮৩)	এলএস	০০.০০		০০.০০	
জ্বালানী বিল (৪৮২২)	এলএস	২০.০০		১২.৫৭	
যানবাহন ব্যবস্থাপনা (৪৯০১)	**এসএস**	৭.০০		১.৩০	
প্রশিক্ষণ ব্যয় (৪৮৪০)	এলএস	৬০.০০		৫৯.৯৮	
পরামর্শক ফি (৪৮৭৪)	এলএস	২০.০০		১৭.২১	
অন্যান্য ব্যয় (৪৮৯৯)	এলএস	০.০০		০০.০০	
উপমোট (ক)		**৫৬০.০০**		**৪৪২.৬১**	
(খ) মূলধন খাত					
অন্যান্য ভবন নির্মাণ (৬৮০৫)	এনওএস	২৫৪.৮০		২৩৩.২৯	
যন্ত্রপাতি ও সরঞ্জাম (৬৮১৩)	এনওএস	৩০৩.০৭		৩০৩.০৭	

উপাদানের নাম	একক	লক্ষ্যমাত্রা		মূল অগ্রগতি	
		আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব
১	২	৩	৪	৫	৬
কম্পিউটার ও যন্ত্রাংশ (৬৮১৫)	এনওএস	২,৯১২.৬৩		২,৩০২.৯৯	
সফটওয়্যার (৬৮১৭)	১৩০০০	৮৩২.৮০		৭৮০.৪৭	
আসবাবপত্র (৬৮২১)	১০০০	৭০.১৪		৭০.১৪	
বিবিধ (৭৯৮০)	এনওএস	১২৬.০৩		১২৫.৭১	
উপমোট (খ)		**৪,৪৯৯.৪৭**		**৩,৮১৫.৬৭**	
সর্বমোট (ক+খ)		**৫,০৫৯.৪৭**		**৪,২৫৮.২৮**	

৭.০ **কোন অঙ্গের বাস্তবায়ন অসম্পূর্ণ আছে কিনা:** প্রযোজ্য নয়।

৮.০ **প্রকল্পের ক্রয় কার্যক্রম:**

(লক্ষ টাকায়)

কাজের নাম	দরপত্র মূল্য (লক্ষ টাকায়)		দরপত্র		কার্য সম্পাদনের তারিখ	
	আরডিপিপি অনুযায়ী	চুক্তি মূল্য	দরপত্র আহবানের তারিখ	চুক্তি স্বাক্ষরের তারিখ	চুক্তি অনুসারে	প্রকৃত
যন্ত্রপাতি	৩০৩.০৭	৩০৩.০৭	১৪/০৬/২০১৭	১৭//০৬/২০১৭	৩০/০৬/২০১৭	২৯/০৬/২০১৭
কম্পিউটার এবং এসিসি	২৯১২.৬৩	২৩০২.৯৯	১২/০৩/২০১৭	১২/০৩/২০১৭	২১/০৬/২০১৭	২০/০৬/২০১৭
সফটওয়্যার	৮৩২.৮	৭৮০.৪৭	১২/০৩/২০১৭	১৩/০৪/২০১৭	২৫/০৫/২০১৭	২০/০৫/২০১৭
আসবাবপত্র	৭০.১৪	৭০.১৪	২০/০৬/২০১৭	২২/০৬/২০১৭	২৯/০৬/২০১৭	২১/০৬/২০১৭
অন্যান্য ভবন	২৫৪.৮০	২৩৩.২৯	২৩/০৪/২০১৭	২৫/০৫/২০১৭	২৯/০৬/২০১৭	২৯/০৬/২০১৭

৯.০ প্রকল্পটির কার্যক্রম আইএমইডি কর্তৃক পরিবীক্ষণ করা হয়েছে।

পরিদর্শনকারী কর্মকর্তার নাম ও পদবি	পরিদর্শন তারিখ
জনাব রনি রহমান সহকারী পরিচালক, আইএমইডি	২১/০৫/২০১৩
জনাব মালিহা নার্গিস সহকারী পরিচালক	২১/০৫/২০১৩ ২৮/০৪/২০১৪

১০.০ **প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য:**

নাম ও পদবী	পূর্ণকালীন / খন্ডকালীন	যোগদানের তারিখ	বদলীর তারিখ	মেয়াদকাল
জনাব এ.কে.এম শফিউর রহমান অতিরিক্ত মহাপরিচালক (অবসরপ্রাপ্ত)		২০০৮		৩০/০৬/২০১৫ হতে ২৪/০৪/২০১৬
জনাব মোঃ জামাল পাশা পরিচালক, ডাক অধিদপ্তর	পূর্ণকালীন	২৪/০৪/২০১৬		২৪/০৪/২০১৬ হতে ৩০/০৬/২০১৭

১১.০ **অডিট সংক্রান্ত:**

নিরীক্ষাকাল	**নিরীক্ষা প্রতিবেদন জমার তারিখ**	**প্রধান তথ্যসমূহ/আপত্তিসমূহ**	**আপত্তি নিরসন হযেছে কি-না**

১	২	৩	৪
২০১০-২০১১		৩টি অগ্রিম আপত্তি	আপত্তি নিস্পত্তির প্রক্রিয়া চলছে
২০১১-২০১২		০১টি অগ্রিম আপত্তি	,,
২০১২-২০১৩		০২ টি সাধারণ ও ০৪টি অগ্রিম আপত্তি	,,
২০১৩-২০১৪		০৩টি সাধারণ আপত্তি	,,
২০১৪-২০১৫		০১টি সাধারণ ও ০৫টি অগ্রিম আপত্তি	,,
২০১৫-২০১৬		০৩টি সাধারণ আপত্তি	,,
২০১৬-২০১৭		০৯ টি সাধারণ আপত্তি	,,

১২.০ **প্রকল্পের উদ্দেশ্য অর্জন :**

আরডিপিপি অনুযায়ী লক্ষ্য	প্রকৃত অর্জন
<u>প্রকল্পের লক্ষ্য সমুহঃ</u> ক) আর্ন্তজাতিক ও অভ্যন্তরীন পোস্টাল বাজারের পরিবর্তনের সাথে নতুন চ্যালেঞ্জ গ্রহণ করার জন্য অটোমেশন প্রকল্পটি গৃহীত হয়। খ) কাস্টমারগণের পছন্দ ও উত্তম সেবা কম খরচে, কম সময়ে হয়রানীছাড়া সেবা নিশ্চিতকরণের জন্য অটোমেশন প্রকল্পটি গৃহীত হয়। গ) সরকারী ও বেসরকারী প্রতিষ্ঠানের মধ্যে নির্ভরযোগ্য নেটওয়ার্ক গড়ে তোলার জন্য ডাক বিভাগ অটোমেশন প্রকল্পটি গ্রহণ করে। ঘ) পোস্ট অফিসের সার্ভিস চার্টার সঠিকভাবে অনুসরণ করার জন্য অটোমেশন প্রকল্প এর অন্যতম লক্ষ্য। ঙ) ভবিষ্যতে কাগজ বিহীন ডাক কার্যক্রম পরিচালনার জন্য যুগোপযোগী ও কার্যকর সফটওয়্যার প্রস্তুত করা এর অন্যতম লক্ষ্য। চ) ট্যাকিং এবং ট্রেসিং সুবিধা আরো বৃদ্ধি করা অটোমেশন প্রকল্পের আরো একটি লক্ষ্য। ছ) বৃহৎ আকারে ডাটা ম্যানেজমেন্ট ও রেকর্ড সংরক্ষণ করাও অটোমেশন প্রকল্পের অন্যতম লক্ষ্য। জ) প্রকল্পের মাধ্যমে সরকারের রাজস্ব আয় বৃদ্ধিতে অবদান রাখা।	ক) ইতোমধ্যে ডাক বিভাগে ৮৪টি হেড অফিস ও ২০০টি উপজেলা/সাব অফিস অটোমেশনের আওতায় এসেছে। খ) অটোমেশনের আওতায় কম্পিউটারাইজড পদ্ধতিতে কার্যক্রম পরিচালিত হওয়ায় কাস্টমারগণ সুষ্ঠুসেবা পাচ্ছেন। গ) অটোমেশন কার্যক্রমটি সম্পাদিত হওয়ায় পোস্ট অফিসের সার্ভিস চার্টার সঠিকভাবে পরিপালন করা হচ্ছে। ঘ) সফটওয়্যারের মাধ্যমে সঞ্চয়পত্র, সাব একাউন্ট, ইএমটিএস ও বিভিন্ন আর্টিক্যাল এর তথ্য সংরক্ষিত হওয়ায় অটোমেশন প্রকল্পের মাধ্যমে সরকারী বেসরকারী গ্রাহকগোষ্ঠীর একটি বিশাল ডাটা ম্যানেজমেন্ট গড়ে উঠেছে। ঙ) ইতিমধ্যে এই প্রকল্পের ১টি অঙ্গ ইএমটিএস এর মাধ্যমে ১০৫ কোটি টাকা রাজস্ব আয় হয়েছে।

১৩ প্রকল্প পরিদর্শন : ১১/০৩/২০১৮ তারিখে নালিতাবাড়ি উপজেলা ডাকঘর আইএইডি কর্তৃক সরেজমিন পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে জনাব মোঃ ফরিদ আহমেদ, অতিরিক্ত পোস্টমাস্টার জেনারেল, ঢাকা, ডেপুটি পোস্ট মাস্টার জেনারেল জনাব মোস্তাক আহমেদ, গাজী শাহেদ আনোয়ার, ডেপুটি পোস্ট মাস্টার জেনারেল, জামালপুর বিভাগ এবং হারুনুর রশিদ, শেরপুর উপ বিভাগ উপস্থিত ছিলেন। নালিতাবাড়ী উপজেলা ডাকঘরে প্রকল্পের আওতায় ১টি টেবিল, ১টি চেয়ার, ১টি ল্যাপটপ, ১টি মডেম, ১টি কী-বোর্ড ও ১টি ইপসন প্রিন্টার সরবারহ করা হয়েছে। সরবরাহকৃত যন্ত্রপাতি সচল রয়েছে মর্মে দেখা যায়। "উপজেলা ও সাব পোস্ট অফিসের কার্যপ্রক্রিয়া স্বয়ংক্রিয়করণ" সফ্টওয়ার এর মাধ্যমে কার্য পরিচালনা করা হচ্ছে। বুয়েটের সহযোগীতায় ২০০টি উপজেলা/টিএসও/এসও এর জন্য একটি স্মার্ট সফটওয়ার ডাক অধিদপ্তরের সেন্ট্রাল সার্ভারে সক্রিয় করা হয়েছে। দেশের প্রত্যন্ত অঞ্চলে ২০০টি উপজেলা/টিএসও/এসও লগইন এর মাধ্যমে দৈনন্দিন কার্যক্রম সম্পন্ন করে থাকে। শেরপুর জেলার নালিতাবাড়ি উপজেলা পোস্টঅফিসে অফিস বিল্ডিং এর অবকাঠামো এবং আইটি-র অবকাঠামো সাথে কিছুটা অসামাঞ্জস্য পরিলক্ষিত হলো। পরিদর্শন কালে দেখা গেল ১ জন অপারেটর আছে। উক্ত অপারেটরই মূলত সকল প্রকার

সঞ্চয়পত্র এফডি এসবি এবং পিএলআই হিসাব এর কার্যক্রম সম্পন্ন করে থাকেন। উক্ত ১ জন অপারেটরই সফটওয়ারটি ব্যবহার করে দৈনন্দিন কার্যক্রম সম্পন্ন করে থাকেন। সকল মডিউলের উপর তার অধিকতর প্রশিক্ষণ প্রয়োজন পরিলক্ষিত হলো।

১২/০৩/২০১৮ তারিখে শেরপুর সদর উপজেলায় প্রধান ডাকঘর, শেরপুর এ প্রকল্পের কার্যক্রম পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে সার্ভারটি অচল অবস্থায় পাওয়া যায়। সার্ভার মনিটর সচল ছিল। ১টি অনলাইন ইউপি সার্ভার, ১০টি কম্পিউটার সিপিইউ, ১০টি কম্পিউটার মনিটর, ১০টি ইউপিএস, ৩টি পিওএস প্রিন্টার, ২টি বারকোড স্ক্যান, ১টি ফ্ল্যাট প্যাড স্ক্যানার, ১টি ডট প্রিন্টার ও ৮টি মাল্টিপ্লাগ সরবরাহ করা হয়। এর সংগে নেটওয়ার্ক এক্সেসরিজও সরবরাহ করা হয়। তন্মধ্যে ৫টি সিপিইউ ও ৪টি ইউপিএস অচল অবস্থায় পাওয়া যায়। লোকাল এরিয়া নেটওয়ার্কের মাধ্যমে ডাক কর্মচারীগণ বিভিন্ন কাউন্টার থেকে জনগনকে সেবা প্রদান করছে। ওয়ারেন্টি পিরিয়ড অতিক্রান্ত হয়ে যাওয়ায় অর্ধেক পিসি অকেজো হয়ে গেছে ফলে কাউন্টার চালানো যাচ্ছে না। সার্ভারে মাঝে মাঝে গোলোযোগ দেখা দিচ্ছে। ব্যাটারী নষ্ট হওয়ায় ইউপিএস কাজ করছে না। প্রধান ডাকঘরের সফটওয়ার ব্যবহারের পূর্বে গাহকগণ ম্যানুয়াল পদ্ধতির মাধ্যমে ডাক সেবা গ্রহণ করতেন কিন্তু বর্তমানে সফটওয়ারের মাধ্যমে সকল প্রকার সঞ্চয়পত্রসহ সকল কার্যক্রম সফটওয়ারের মাধ্যমে সেবা প্রাপ্তিগণের সময়ক্ষেপন এবং বারবার পোস্ট অফিসে আসা যাওয়া থেকে রেহাই পাওয়া গেছে। অপেক্ষাকৃত ভাল সেবা পাওয়া যাচ্ছে মর্মে গ্রাহকগণ অভিমত ব্যক্ত করেছেন।

১৩/০৩/২০১৮ তারিখে নেত্রকোনা জেলার পূর্বধলা উপজেলা ডাকঘর পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে জনাব মোঃ ফরিদ আহমেদ, অতিরিক্ত পোস্টমাস্টার জেনারেল, ঢাকা, ডেপুটি পোস্ট মাস্টার জেনারেল জনাব মোস্তাক আহমেদ, গাজী শাহেদ আনোয়ার, ডেপুটি পোস্ট মাস্টার জেনারেল, জামালপুর বিভাগ এবং হারুনুর রশিদ, শেরপুর উপ বিভাগ উপস্থিত ছিলেন। পরিদর্শনকালে উপজেলা পোষ্ট মাস্টার জানান যে, পূর্বধলা উপজেলা ডাকঘরে প্রায়ই বিদ্যুৎ থাকে না। সোলার সিস্টেম এর ব্যবস্থা নেই।

বিগত ১৪/০৩/২০১৮ তারিখে হালুয়াঘাট উপজেলা পোস্ট অফিস পরিদর্শন করি। এই ডাকঘরের সিভিল ও আইটি অবকাঠামোর মধ্যে আরও সামাঞ্জস্য থাকা প্রয়োজন। উক্ত অফিসের পোস্টমাস্টার একাই অফিসটি পরিচালনা করেন। কাজের তুলনায় কর্মচারীর প্রকট স্বল্পতা পরিলক্ষিত হলো। উপজেলা পোস্টমাস্টার একজন পদোন্নতিপ্রাপ্ত কর্মচারী সেখানে তিনি একই সফটওয়ারের সকল কার্যক্রম পরিচালনা করে থাকেন। সফটওয়ারের মধ্যে উপজেলা পোস্টমাস্টারের জন্য ৭টি মডিউল সেন্ট্রাল সার্ভারে সক্রিয় আছে।

প্রকল্প পরিদর্শনকালীন স্থির চিত্র:

১৪ আইএমইডি'র পর্যবেক্ষণ :



চিত্র:১ নালিতাবাড়ী উপজেলা পোস্ট অফিস



চিত্র:২ প্রকল্পের আওতায় সরবরাহকৃত কম্পিউটার



চিত্র:৩ হালুয়াঘাট উপজেলা পোস্ট অফিসে প্রকল্পের কাজ পরিদর্শন।



চিত্র:৪ প্রকল্পের আওতায় সেবা ডেস্ক।

১৪.১ ডাক বিভাগের কার্যপ্রক্রিয়া স্বয়ংক্রিয়করণ প্রকল্পের আওতায় যে ৮৪টি হেড অফিস ও ২০০টি উপজেলা/সাব অফিসকে অটোমেটেড করা হয়েছে তা উক্ত পোস্ট অফিসগুলোতে পরিচালিত হচ্ছে। আগে কাউন্টারে দীর্ঘক্ষণ লাইনে দাড়িয়ে থাকতেন। কিন্তু বর্তমানে অটোমেশনের সুবাদে কম সময়ে কাউন্টার সার্ভিস পাচ্ছে।

১৪.২ প্রতিটি কাউন্টারে জনবল স্বল্পতা হেতু নিরবচ্ছিন্নভাবে কার্যক্রম পরিচালনা করা সম্ভব হচ্ছে না। একজন ব্যক্তির উপর ৪/৫টি দায়িত্ব একই সাথে অর্পন করা হলে সেক্ষেত্রে ভালো ফলাফল পাওয়া যায় না।

১৪.৩ অটোমেশনের পূর্বে সঞ্চয়পত্রের কাউন্টারের কর্মচারী হিসাব মিলিয়ে হাতে সিডিউল লিখে রাত ৮-১০ টায় অফিস ত্যাগ করতে হতো। কিন্তু অটোমেশনের ফলে বিকাল ৩.০০ টায় Approval করে বাটনে টিপ দিয়ে সিডিউল বের করা যাচ্ছে।

১৪.৪ ইন্টারনেটের সংযোগ প্রায় ক্ষেত্রেই মডেমনির্ভর। ফলে সুষ্ঠুভাবে অনলাইন চালু না থাকায় অনেক সময়ই তথ্য আদান প্রদানে সমস্যা সৃষ্টি হচ্ছে।

১৪.৫ অটোমেশন প্রকল্পে সারা বাংলাদেশে সমস্ত পোস্ট অফিসে ইলেকট্রনিক্স ডিভাইস স্থাপন , মেরামত ও সংরক্ষণের জন্য ১৬ জন আউট সোর্সিং এর মাধ্যমে নিয়োগকৃত জনবল ছিল। প্রকল্প শেষ হওয়ার সাথে সাথেই উক্ত ১৬ জন এখন আর চাকুরিতে নেই। ফলে সরবরাহকৃত ইলেকট্রনিক্স ডিভাইসগুলো সুষ্ঠু রক্ষণাবেক্ষণের অভাবে অকেজো হয়ে যাচ্ছে।

১৪.৬ ডাক বিভাগের ২০০টি উপজেলা ছাড়াও আরো অধিক সংখ্যক উপজেলা/সাবঅফিস অটোমেশনের আওতার বাইরে রয়ে গেছে। পুরো ডাক বিভাগকে ডিজিটালাইজড ও সমন্ত কার্যক্রমকে ইউনিফাইড করার জন্য সমন্ত উপজেলা অফিসকে অটোমেশন আওতায় আনতে হবে।

১৪.৭ ২০০৮ থেকে ২০১৭ পর্যন্ত অটোমেশন পকল্পটি চলমান ছিল। উক্ত সময়কালে সমন্ত কার্যক্রমকে তথ্য প্রযুক্তির আওতায় আনার জন্য বিভিন্ন সময় কম্পিউটার, ল্যাপটপ, মোবাইল, স্ক্যানার, প্রিন্টার, বারকোড স্ক্যানার, হ্যান্ড বেড স্ক্যানার, পজ মেশিন, ইউপিএস, মনিটর ইত্যাদি ডিভাইস ক্রয় করা হয়। এগুলোর বেশিরভাগেরই ওয়ারেন্টি পিরিয়ড শেষ। ডাক বিভাগের বর্তমান প্রকল্পটি সমাপ্ত হয়ে যাওয়ায় এই ডিভাইসগুলো মেরামত বা পুনঃস্থাপন করা এক প্রকার অসম্ভব হয়ে পড়েছে। সার্কেল ও ইউনিট পর্যায়ে এই ধরণের ব্যয় ভার মেটানোর মত পর্যাপ্ত বাজেট নেই। ফলে অকেজো মেশিনগুলো প্রায় অধিকাংশ ক্ষেত্রেই সচল করা সম্ভব হচ্ছে না।

১৪.৮ জুলাই, ২০০৮ সালে ৩১৮০.২০ লক্ষ টাকা ব্যয়ে প্রকল্পটি অনুমোদিত হয়। জুন, ২০১৭ সালে ৪২৫৮.২৮ লক্ষ টাকা ব্যয়ে প্রকল্পটি সমাপ্ত হয়। মূল অনুমোদনের চেয়ে ১৮৭৯.২৭ লক্ষ টাকা অতিরিক্ত ব্যয়ে প্রকল্পটি সমাপ্ত হয় যার কস্ট ওভার রান ৫৯.০৯%।

১৪.৯ জুলাই ২০০৮ হতে জুন ২০১১ মেয়াদে প্রকল্পটি অনুমোদিত হয়। প্রকৃতপক্ষে ৬ (ছয়) বছর মেয়াদ বৃদ্ধিতে জুন, ২০১৭ সালে সমাপ্ত হয়। যার টাইম ওভার রান ২০০%।

১৪.১০ ২০১০-২০১১ হতে ২০১৬-২০১৭ সাল পর্যন্ত অডিট আপত্তি অনিষ্পন্ন রয়েছে যা আর্থিক শৃঙ্খলার ব্যত্যয় বলে গণ্য হয়।

১৪.১১ প্রকল্পটি জুন, ২০১৭ সালে সমাপ্ত হয়েছে। প্রকল্প সমাপ্তি প্রতিবেদন প্রকল্প সমাপ্ত হওয়ার ১ (এক) বছর ২ (দুই) মাস অতিক্রান্ত হওয়ার পর আইএমইডিতে পাওয়া গেছে।

১৫. আইএমইডি'র মতামত/সুপারিশ:

১৫.১ প্রকল্পভুক্ত অটোমেশন কার্যক্রমকে আরো সফল করতে হলে পর্যাপ্ত জনবল নিয়োগ দিতে হবে। বিশেষ করে অপারেটর পর্যায়ে এ লোক নিয়োগ করা কর্মানুগ হবে।

১৫.২ সারা বাংলাদেশে অটোমেশন কার্যক্রম সফল করতে হলে সমস্ত জনবলকে কম্পিউটার প্রশিক্ষণ দিতে হবে।

১৫.৩ প্রকল্পের আওতায় ক্রয়কৃত কম্পিউটার, সার্ভার ও অন্যান্য যন্ত্রে প্রকল্পের নাম ও সিরিয়াল নম্বর সংযুক্ত করতে হবে। এ সিরিয়াল নম্বর এর সাথে প্রকল্প কার্যালয়ে সংরক্ষিত সম্পদ রেজিস্টার এর সমন্বয় করতে হবে। ইনভেনটরির লিস্ট যথাযথভাবে প্রণয়ন করে প্রকল্পের আওতায় সংগৃহীত এ সকল সম্পদ যথাযথভাবে সংরক্ষণ করতে হবে। স্থানীয় পর্যায়ে এ সকল সম্পদের যথাযথ হেফাজত ও সংরক্ষণের জন্য জেলা ও উপজেলা পর্যায়ের কর্মকর্তাগণকে নির্দেশনা দিতে হবে।

১৫.৪ প্রয়োজনে আউটসোর্সিং এর মাধ্যমে বা অন্য কোন বিকল্প ব্যবস্থার মাধ্যমে ইলেকট্রনিক্স ডিভাইস মেরামত ও রক্ষণাবেক্ষনের জন্য লোক নিয়োগ করতে হবে।

১৫.৫ ইন্টারনেট সেবা ও অন্যান্য ইলেকট্রনিক্স ডিভাইসগুলোকে সঠিকভাবে পরিচালনা করার জন্য সার্কেল ও ইউনিট পর্যায়ে পর্যাপ্ত বাজেট বরাদ্দ দিতে হবে।

১৫.৬ সুষ্ঠু আর্থিক ব্যবস্থাপনার স্বার্থে অডিট আপত্তি দ্রুত নিষ্পত্তিপূর্বক আইএমইডিকে অবহিত করতে হবে । বিষয়টি সংস্থা প্রধান নিশ্চিত করবেন।

১৫.৭ ভবিষ্যতে ডাক বিভাগ কর্তৃক গৃহীত প্রকল্পে টাইম ওভার রান ও কস্ট ওভার রান যাতে না হয় সে বিষয়ে সচেষ্ট থাকতে হবে।

১৫.৮ উপরোক্ত সুপারিশ/মতামত (অনুচ্ছেদ ১৫.১ হতে ১৫.৭) অনুযায়ী প্রযোজ্য ক্ষেত্রে গৃহীত ব্যবস্থা প্রশাসনিক মন্ত্রণালয় ও প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা আগামী ২১ দিনের মধ্যে বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগকে অবহিত করবে।

তথ্য প্রযুক্তি নির্ভর গ্রামীণ ডাকঘর নির্মাণ শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত : জুন, ২০১৭)

১. প্রকল্পের নাম : তথ্য পযুক্তি নির্ভর গ্রামীণ ডাকঘর নির্মাণ প্রকল্প

২. বাস্তবায়নকারী সংস্থা : বাংলাদেশ ডাক বিভাগ

৩. উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ : ডাক টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়

৪. প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয় : জুলাই ২০১১ হতে জুন ২০১৭ পর্যন্ত ও ব্যয় ৮৪৪৩.২৩

(লক্ষ টাকায়)

অনুমোদিত ব্যয়		প্রকৃত ব্যয়	অনুমোদিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়ন কাল	মূল ব্যয়ের হ্রাস/ বৃদ্ধি (মূল অনুঃ ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %)
মূল	সর্বশেষ সংশোধিত		মূল	সর্বশেষ সংশোধিত			
১	২	৩	৪	৫	৬	৭	৮
১১২২৭.৭০	১২২৯৫.৫০	৪৮৪৩.৪৩	জুলাই ২০১১ ইং হতে জুন ২০১৩ ইং	জুলাই ২০১১ ইং হতে ৩০জুন, ২০১৭ ইং	জুলাই ২০১১ ইং হতে জুন, ২০১৭ ইং		৪ বছর

৫. ক্রমপুঞ্জিত অগ্রগতি : ৮৪৪৩.২৩ লক্ষ টাকা

২.০ প্রকল্পের পটভূমি :

সরকার ২০২১ সালের মধ্যে বাংলাদেশকে ডিজিটাল বাংলাদেশ হিসেবে গড়ে তুলতে অঙ্গীকারবদ্ধ। সাধারণ জনগণের দোর-গোড়ায় ডিজিটাল বাংলাদেশের সুফল পৌছে দেয়ার উপর বিশেষ গুরুত্ব প্রদান করে বাংলাদেশ ডাক বিভাগ তার দেশব্যাপী নেটওয়ার্কের মাধ্যমে আইসিটি ভিত্তিক সেবাসমূহ দেশের মানুষকে প্রদানের জন্য উদ্যোগ গ্রহণ করেছে। বর্তমানে বাংলাদেশ ডাক বিভাগের কার্যক্রম সনাতন পদ্ধতিতে পরিচালিত হচ্ছে। এই পদ্ধতি থেকে উত্তোরণের জন্য তথ্য প্রযুক্তি নির্ভর করে গড়ে তুলতে প্রতিটি গ্রামীন ডাকঘর /শাখা ডাকঘরে ইন্টারনেট সেবা প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। এতে গ্রামীন জনগোষ্ঠী আধুনিক তথ্য প্রযুক্তির সুযোগ লাভ করবে। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ব্যবহার করে ব্যক্তি ও সমাজ তার আর্থ - সামাজিক উন্নয়নে গুরুত্বপূর্ণ অবদান রাখবে। গ্রামীন জনগণ ইন্টারনেটের মাধ্যমে তথ্য আদান প্রদান , ইন্টারনেট সংযোগ , পরিবারের সদস্যদের সাথে যোগাযোগ , কৃষি শিক্ষা ও স্বাস্থ্য বিষয়ক সহায়তা সর্বাধুনিক গ্রাহক সেবা প্রদান করার উদ্দেশ্যই এই প্রকল্পটি প্রণয়ন করা হয়েছে।

৩.০ **প্রকল্পের উদ্দেশ্য :** প্রকল্পের মূল উদ্দেশ্যসমুহ নিম্নরূপ :

(ক) পল্লী জনগণের ডিজিটাল বাংলাদেশের স্বপ্ন পূরণের লক্ষ্যে পল্লী ডাকঘর অবকাঠামো নির্মাণ করা হবে যা ই-সেন্টার হিসেবে কাজ করবে;

(খ) পল্লী এলাকার ডাক সেবা মান উন্নয়ন করা;

(গ) পল্লী এলাকার আর্থ সামাজিক কার্যক্রম উন্নয়নে গুরুত্বপূর্ণ আবদান রাখবে;

(ঘ) পল্লী এলাকার অর্থনৈতিক উন্নয়নে পল্লী ডাকঘরগুলি সেবা ভবন হিসেবে প্রদর্শিত হবে:

(ঙ) পল্লী ডাকঘরের আয় বৃদ্ধি করা;

(চ) প্রকল্প এলাকায় পরম্পরায় ছোট বড় কর্মসংস্থান সৃষ্টি করবে;

(ছ) বিনিয়োগ বান্ধব অর্থনৈতিক কার্যক্রমকে পল্লী এলাকায় আরো শক্তিশালী করবে;

(জ) প্রাকৃতিক দুর্যোগের সময় পল্লী ডাকঘরগুলি আশ্রয়ন কেন্দ্র হিসেবে কাজ করবে; এবং

(ঝ) পল্লী নারীর জীবন যাপনের মানকে উন্নত করবে।

৪.০ **প্রকল্প অনুমোদন ও সংশোধন :**

প্রকল্পটি ১১২২৭.৭০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই , ২০১১ হতে জুন, ২০১৩ মেয়াদে বাস্তবায়নের জন্য ১৮, অক্টোবর ২০১১ তারিখে একনেক সভায় অনুমোদিত হয়। তবে শর্ত দেয়া হয় হয়, প্রতিটি উপজেলায় কমপক্ষে ০১ টি করে ডাকঘর রেখে দূর্গম এলাকার ডাকঘরগুলিকে অগ্রাধিকার দিয়ে গ্রামীণ ডাকঘরের তালিকায় সংশোধন পূর্বক প্রকল্পের ডিপিপি পূণর্গঠন করতে হবে। এই শর্তের প্রেক্ষিতে ডিপিপি পূণর্গঠন করার পর একনেক উইং হতে ২৩/০১/১২ খ্রি: তারিখে অনুমোদন জারী করা হয়। মন্ত্রণালয় হতে প্রকল্পটি প্রশাসনিক আদেশ জারী করা হয় ০১/০২/২০১২ খ্রি: তারিখে। প্রকল্পের বাস্তবায়ন শুরুর অন্যান্য প্রয়োজনীয় প্রক্রিয়া সম্পাদন এবং ২০১১-১২ অর্থবছরে আরডিপিপি তে বরাদ্দ পাওয়ার পর প্রকৃতপক্ষে প্রকল্পটির বাস্তবায়ন শুরু হয়। প্রকল্পের বাস্তবায়ন মেয়াদ কোন রূপ ব্যয় বৃদ্ধি এবং পরিবর্তন ব্যতিরেকে জুন/১৭ পর্যন্ত বৃদ্ধি করা হয়।

৫.০ **প্রকল্পের অর্থায়ন :** এডিপি/আরএডিপি বরাদ্দ, অবমুক্তি ও ব্যয় সংক্রান্ত সার্বিক অগ্রগতি

(লক্ষ টাকায়)

অর্থ বছর	আরএডিপি বরাদ্দ		প্রকৃত ব্যয়/অগ্রগতি			
	টাকা	বাস্তব লক্ষ্যমাত্রা	মোট ব্যয়	টাকা	প্রকল্প সাহায্য	বাস্তব %
২০১১-২০১২	১৫০.০০	১.২১%	৭৭.১২	৭৭.১২	-	৫১.৪১%
২০১২-২০১৩	১২৫.০০	১.০১%	১১৩.৭৫	১১৩.৭৫	-	৯১.০০%
২০১৩-২০১৪	৫০০.০০	৪.০৬%	৩৮৮.৯২	৩৮৮.৯২	-	৭৭.৭৮%
২০১৪-২০১৫	৬০৫.০০	৪.৯২%	৫৮২.২১	৫৮২.২১	-	৯৬.২৩%
২০১৫-২০১৬	৯৮০.০০	৭.৯৭%	৮৮১.৫৯	৮৮১.৫৯	-	৮৯.৯৬%
২০১৬-২০১৭	৮৪০০.০০	৬৮.৩২%	৬৩৯৯.৬২	৬৩৯৯.৬২	-	৭৬.১৯%
	১০৭৬০.০০	৮৭.৫১%	৮৪৪৩.২৩	৮৪৪৩.২৩	-	৭৮.৪৭%

৬.০ **প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি:**

(লক্ষ টাকায়)

উপাদানের নাম	একক	লক্ষ্যমাত্রা		**মূল অগ্রগতি**		
		আর্থিক	**বাস্তব**	**আর্থিক**	**বাস্তব**	
১	২	৩	৪	৫	৬	৭
(ক) রাজস্ব উপাদান:						
কর্মকর্তাদের বেতন (৪৫০১)	এনওএস	**১৪৬.২৯**	**২৩**	**১১২.৫৮**	**২৩**	
কর্মচারীদের বেতন (৪৬০১)	এনওএস	**২০.০০**	**০৩**	**১৯.৫৮**	**০৩**	
অতিরিক্ত কাজের ভাতা (৪৭০০)	এনওএস	**১.৫০**	**০২**		**০২**	
ভ্রমণ ভাতা (৪৮০১)	এলএস	**৪৭.৪৬**	এলএস	**৩৮.৮৫**	এলএস	-
সম্মানীভাতা (৪৮৮৩)	এলএস	**১৩.৮১**	এলএস	**১৩.৬৯**	এলএস	-

উপাদানের নাম	একক	লক্ষ্যমাত্রা		মূল অগ্রগতি		
		আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব	
১	২	৩	৪	৫	৬	৭
জ্বালানী বিল (৪৮২২)	এলএস	**২০.০০**	এলএস	**১৭.৪৯**	এলএস	
যানবাহন ব্যবস্থাপনা	**০৩**	**৫.০০**	**০২**	**৪.২৮**	**০২**	
রেজিস্ট্রেশন (৪৮১৮)	এলএস	**৮.০০**	এলএস	**৮.০০**	এলএস	
স্টেশনারী **(৪৮২৮)**	এলএস	**১২.০০**	এলএস	**১২.০০**	এলএস	
অন্যান্য **(৪৮৯৯)**	এলএস	**৮.০০**	এলএস	**৮.০০**	এলএস	
বিজ্ঞাপন **(৪৮৩৩)**	এলএস	**১৯.০০**	এলএস	**১৭.৬২**	এলএস	
উপমোট (ক)		**৩০১.০৬**		**২৫২.০৯**		
(খ) মূলধন খাত						
ভূমি সংগ্রহ **(৬৯০১)**	এনওএস	**২৯০.২৭**	**৫০০**	-	-	-
নির্মাণ **(৭০০৬)**	এনওএস	**৭৭৪১.৭০**	**১০০০**	**৭২৬৮.৮২**	**৬০০**	
মেরামত **(৪৯০১)**	এনওএস	**২৭৩১.৭৩**	**১৫০০**		**১২৬৯**	
আসবাবপত্র **(৬৮২১)**	**১৩০০০**	**৬৮০.০০**	**১২৩১৪**	**৬৯৬.৬১**	-	
সরঞ্জামাদি	**১০০০**	**১৫০.০০**	**১০০০**	**১৫০.০০**	**১০০০**	-
মোটরযান **(৬৮০৭)**	এনওএস	**১৩৮.০০**	**১৮**	**৭৫.৭১**	**১৭**	-
মূল্য **(Price Contingency)**	এলএস	**২৬২.৮৪**				-
উপমোট (খ)		**১১৯৯৪.৫৪**		**৮১৯১.১৪**		-
সর্বমোট (ক+খ)		**১২২৯৫.৬০**	-	**৮৪৪৩.২৩**		-

৭.০ **কোন অঙ্গের বাস্তবায়ন অসম্পূর্ণ আছে কিনা :** ভূমি অধিগ্রহণের বিষয়টি জটিল হওয়ার প্রেক্ষিতে এবং স্থানীয় জনগণের দানকৃত ও সংগৃহীত জমিতে ভবন নির্মাণ করায় খুলনা সার্কেলের ২৮ টি ডাকঘর ভবন নির্মাণের জন্য দরপত্র আহবান করা হলেও ০৭ টি অফিসের কাজ সমাপ্ত করা যায় নি।

৮.০ **প্রকল্পের ক্রয় কার্যক্রম:**

(লক্ষ টাকায়)

কাজের নাম	দরপত্র মূল্য (লক্ষ টাকায়)		দরপত্র		কার্য সম্পাদনের তারিখ	
	আরডিপিপি অনুযায়ী	চুক্তি	দরপত্র আহবানের তারিখ	চুক্তি স্বাক্ষরের তারিখ	চুক্তি অনুসারে	প্রকৃত
পূর্ত (২৩টি ডাকঘর ভবন নির্মাণের জন্য পূনঃ দরপত্র আহবান)	২০১.০০	২০১.০০	১২/১০/২০১৩	২৪/০৩/২০১৪ খ্রিঃ এর মধ্যে	অনুমোদিত সময়ের মধ্যে	সম্পন্ন
পূর্ত (খুলনা সার্কেলের ২৮টি ডাকঘর ভবন নির্মাণের জন্য দরপত্র আহবান)	২৪৩.০০	২৩৭.০০	২৮/১১/২০১৩	১৫/০৪/২০১৪ খ্রিঃ থেকে ২০/০৪/২০১৪	অনুমোদিত সময়ের মধ্যে	২৮ টি অফিসের মধ্যে জমি সংক্রান্ত

কাজের নাম	দরপত্র মূল্য (লক্ষ টাকায়)		দরপত্র		কার্য সম্পাদনের তারিখ	
	আরডিপিপি অনুযায়ী	চুক্তি	দরপত্র আহবানের তারিখ	চুক্তি স্বাক্ষরের তারিখ	চুক্তি অনুসারে	প্রকৃত
				খ্রিঃ এর মধ্যে		জটিলতার কারণে ০৭ টি অফিসের কাজ সমাপ্ত করা যায় নি।
পূর্ত (৩২টি ডাকঘর ভবন নির্মাণের জন্য পুণঃ দরপত্র আহবান)	২৭৮.০০	২৭৬.০০	১১/০৪/২০১৪	২৭/০৮/২০১৪, ২৮/০৮/২০১৪ এবং ৩১/০৮/২০১৪ খ্রিঃ	অনুমোদিত সময়ের মধ্যে	সম্পন্ন
পূর্ত (কেন্দ্রীয় সার্কেল, ঢাকা এবং চট্টগ্রাম সার্কেলের ৩৩টি ডাকঘর ভবন নির্মাণের জন্য দরপত্র আহবান)	২৭৮.০০	২৬৯.০০	২৬/১০/২০১৫ খ্রিঃ	২৯/০২/২০১৬ খ্রিঃ	অনুমোদিত সময়ের মধ্যে	সম্পন্ন
পূর্ত (খুলনা সার্কেলের ২৯টি ডাকঘর ভবন নির্মাণের জন্য দরপত্র আহবান)	২৫২.০০	২৩০.০০	২৬/১০/২০১৫ খ্রিঃ	২৯/০২/২০১৬ খ্রিঃ	অনুমোদিত সময়ের মধ্যে	সম্পন্ন
পূর্ত (রাজশাহী সার্কেলের ৩৯টি ডাকঘর ভবন নির্মাণের জন্য দরপত্র আহবান)	৩৩৯.০০	৩২৫.০০	২৬/১০/২০১৫ খ্রিঃ	২৯/০২/২০১৬	অনুমোদিত সময়ের মধ্যে	সম্পন্ন
পূর্ত (কেন্দ্রীয় সার্কেল, ঢাকার ৮০ টি ডাকঘর ভবন নির্মাণের জন্য দরপত্র আহবান)	৬৯৬.০০	৬৬০.০০	২৬/০১/২০১৬ খ্রিঃ	০৪/০৮/২০১৬ খ্রিঃ	অনুমোদিত সময়ের মধ্যে	সম্পন্ন
পূর্ত (দরপত্র আহবান, ডাকঘর ভবন সংস্কার ও মেরামত কাজ, কেন্দ্রীয় সার্কেল)	৩৬৫.০০	৩৪১.০০	২০/০১/২০১৬ খ্রিঃ	২২/০৫/২০১৬ খ্রিঃ	অনুমোদিত সময়ের মধ্যে	সম্পন্ন
পূর্ত (দরপত্র আহবান, ডাকঘর ভবন সংস্কার ও মেরামত কাজ, চট্টগ্রাম সার্কেল)	৫৬২.০০	৫৫৪.০০	২২/০১/২০১৬ খ্রিঃ	২২/০৫/২০১৬ খ্রিঃ	অনুমোদিত সময়ের মধ্যে	সম্পন্ন

কাজের নাম	দরপত্র মূল্য (লক্ষ টাকায়)		দরপত্র		কার্য সম্পাদনের তারিখ	
	আরডিপিপি অনুযায়ী	চুক্তি	দরপত্র আহবানের তারিখ	চুক্তি স্বাক্ষরের তারিখ	চুক্তি অনুসারে	প্রকৃত
পূর্ত (দরপত্র আহবান, ডাকঘর ভবন সংস্কার ও মেরামত কাজ, খুলনা সার্কেল)	৫০২.০০	৪৩৯.০০	০১/০২/২০১৬ খ্রিঃ	১২/০৪/২০১৬ খ্রিঃ ০৮/০৫/২০১৬ এর মধ্যে, ২৫/০৫/২০১৬ খ্রিঃ	অনুমোদিত সময়ের মধ্যে	সম্পন্ন
পূর্ত (পুণঃ দরপত্র আহবান, ডাকঘর ভবন সংস্কার ও মেরামত কাজ, চট্টগ্রাম সার্কেল)	২৪২.০০	২১৮.০০	২২/০১/২০১৬ খ্রিঃ	২২/০৫/২০১৬ খ্রিঃ	অনুমোদিত সময়ের মধ্যে	সম্পন্ন
পূর্ত (দরপত্র আহবান , ৩০০টি ডাকঘর ভবন সংস্কার ও মেরামত কাজ, রাজশাহী সার্কেল)	৫৪৬.০০	৪৬৯.০০	১১/০২/২০১৬	০৩/০৮/২০১৬ খ্রিঃ থেকে ১৭/১০/২০১৬	অনুমোদিত সময়ের মধ্যে	সম্পন্ন
পূর্ত (১৮৮টি ডাকঘর ভবন নির্মাণের জন্য ই-টেন্ডার আহবান)	১৬৩৬.০০	১৫২৯.০০	২৮/১১/২০১৬ খ্রিঃ	২৯/০১/২০১৭ খ্রিঃ থেকে ১৯/০৪/২০১৭	অনুমোদিত সময়ের মধ্যে	সম্পন্ন
পূর্ত (১০৯টি ডাকঘর ভবন নির্মাণের জন্য ই-টেন্ডার আহবান)	৯৪৭.০০	৮৫৫.০০	১২/০১/২০১৭ খ্রিঃ	২৯/০৩/২০১৭ খ্রিঃ থেকে ২৬/০৪/২০১৭	অনুমোদিত সময়ের মধ্যে	সম্পন্ন
পূর্ত (দরপত্র আহবান , ২০৩টি ডাকঘর ভবন সংস্কার ও মেরামত কাজ, বিভিন্ন সার্কেল)	৩৬৯.০০	৩৩৩.০০	০৪/০৫/২০১৭ খ্রিঃ	৩১/০৫/২০১৭	অনুমোদিত সময়ের মধ্যে	সম্পন্ন
পন্য (যন্ত্রপাতি- ওজনযন্ত্র)	১৫০.০০	১৫০.০০	১৮/০৪/২০১৭ খ্রিঃ	০৬/০৬/২০১৭ খ্রিঃ	অনুমোদিত সময়ের মধ্যে	সম্পন্ন
পন্য (আসবাবপত্র)	৫৯০.০০	৫৯০.০০	১৮/০৪/২০১৭ খ্রিঃ	০৬/০৬/২০১৭ খ্রিঃ	অনুমোদিত সময়ের মধ্যে	সম্পন্ন

৯.০ প্রকল্পটির কার্যক্রম আইএমইডি কর্তৃক পরিবীক্ষণ করা হয়েছে।

পরিদর্শনকারী কর্মকর্তার নাম ও পদবী	পরিদর্শন তারিখ
১। মোহাম্মদ নিয়াজুল হক যুগ্ম-সচিব আইএমই বিভাগ	০৪/০৪/২০১৬ ও ১৩/০৪/২০১৬

১০.০ **প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য :**

নাম ও পদবী	পূর্ণকালীন / খন্ডকালীন	যোগদানের তারিখ	বদলীর তারিখ	মেয়াদকাল
জনাব জাহেদা সাত্তার অতিরিক্ত মহাপিরিচালক	খন্ডকালীন	২২-০৪-২০১২	৩১-০৮-২০১৪	২২-০৪-২০১২ হতে ৩১-০৮-২০১৪
জনাব হারুন-উর-রশীদ অতিরিক্ত পোস্টমাস্টার জেনারেল	খন্ডকালীন	০১-০৯-২০১৪	১৮-০৫-২০১৫	০১-০৯-২০১৪ হতে ১৮-০৫-২০১৫
ক্রয়কারী কার্যালয় প্রধান (HOPE) এর তত্বাবধানে	খন্ডকালীন	১৯-০৫-২০১৫	১৪-০৪-২০১৬	১৯-০৫-২০১৫ হতে ১৪-০৪-২০১৬
জনাব তরুণ কান্তি সিকদার পরিচালক (ডাক)	খন্ডকালীন	১৭-০৪-২০১৬	৩০-০৬-২০১৭	১৭-০৪-২০১৬ হতে ৩০-০৬-২০১৭

১১.০ **অডিট সংক্রান্ত :**

নিরীক্ষাকাল	**নিরীক্ষা প্রতিবেদন জমার তারিখ**	**প্রধান তথ্যসমূহ/আপত্তিসমূহ**	**আপত্তি নিরসন হযেছে কি-না**
১	**২**	**৩**	**৪**
২০১১-২০১২		আপত্তি নিষ্পত্তিকৃত	আপত্তি নিষ্পত্তিকৃত
২০১২-২০১৩		আপত্তি নিষ্পত্তিকৃত	আপত্তি নিষ্পত্তিকৃত
২০১৩-২০১৪		আপত্তি ০	আপত্তি নিষ্পত্তিকৃত
২০১৪-২০১৫		১। "তথ্য প্রযুক্তি নির্ভর গ্রামীন ডাকঘর নির্মাণ" প্রকল্পের খুলনা জেলার বয়রাট মাদ্রাসা ডাকঘর নির্মাণে ব্যয় অনিয়মিতভাবে পরিশোধ। জড়িত টাকার পরিমাণঃ ৯,৮৮,৭০২/০০ টাকা। ২। "তথ্য প্রযুক্তি নির্ভর গ্রামীন ডাকঘর নির্মাণ" প্রকল্পের চট্টগ্রাম সার্কেলের আওতাধীন লক্ষীপুর জেলার ভোলাকোট শাখা ডাকঘর নির্মাণ কাজে অনিয়মিতভাবে ব্যয় পরিশোধ। জড়িত টাকার পরিমাণঃ ৩,৮০,০০০/০০ টাকা। ৩। 'তথ্য প্রযুক্তি নির্ভর গ্রামীণ ডাকঘর নির্মাণ" প্রকল্পের ঠাঁকুরগাঁও জেলার লাহিড়ী হাট ই.ডি.বি.ও নির্মাণ কাজের বিল অনিয়মিতভাবে পরিশোধ। জড়িত টাকার পরিমাণঃ ২,০০,০০০/০০ টাকা।	প্রক্রিয়াধীন। নিষ্পত্তির আশা করা যাচ্ছে।
২০১৫-২০১৬		১। ডাকঘর নির্মাণ কাজে নির্ধারিত রেইট শিডিউল অপেক্ষা অতিরিক্ত রেইটে প্রাক্কলন তৈরী পূর্বক	জবাব প্রেরণ করা হয়েছে। নিষ্পত্তির

নিরীক্ষাকাল	নিরীক্ষা প্রতিবেদন জমার তারিখ	প্রধান তথ্যসমূহ/আপত্তিসমূহ	আপত্তি নিরসন হয়েছে কি-না
১	২	৩	৪
		ঠিকাদারকে অতিরিক্ত ৩,২২,০৬৪/০০ টাকা পরিশোধ। জড়িত টাকার পরিমাণঃ ৩,২২,০৬৪/০০ টাকা। ২। ত্রম্নটিপূর্ণ নির্মাণ কাজ করা সত্ত্বেও শিবপাশা অবিভাগীয় ডকঘর নির্মাণকাজে ঠিকাদারকে অনিয়মিতভাবে ৭,৭৮,৫৯৪/০০ টাকা পরিশোধ। জড়িত টাকার পরিমাণঃ ৭,৭৮,৫৯৪/০০ টাকা। ৩। অবিভাগীয় শাখা ডাকঘর নির্মাণ কাজে অনিয়মিতভাবে =৩৪,৫৯,০৬৪/০০ টাকা ব্যয়। জড়িত টাকার পরিমাণঃ =৩৪,৫৯,০৬৪/০০ টাকা। ৪। ঢাকা অঞ্চলের কেন্দুয়া উপজেলার মজলিশপুর ডাকঘর নির্মাণ কাজে অনিয়মিতভাবে ৫,২৪,৬৩২/০০ টাকা ব্যয়। জড়িত টাকার পরিমাণঃ ৫,২৪,৬৩২/০০ টাকা। ৫। কুমিলস্না জেলাধীন বিভিন্ন উপজেলার ০৯ টি ডাকঘর সংস্কার ও মেরামত কাজে অনিয়মিতভাবে ৪,০০,০০০/০০ টাকা ব্যয়। জড়িত টাকার পরিমাণঃ ৪,০০,০০০/০০ টাকা।	আশা করা যাচ্ছে।
২০১৬-২০১৭		১। ওজন যন্ত্র সরবরাহ না করে টাকা পরিশোধ: জড়িত টাকার পরিমাণঃ ১,৫০,০০,০০০/০০ টাকা। ২। ইডিবিও নির্মাণের নামে অনিয়মিতভাবে টাকা পরিশোধ: জড়িত টাকার পরিমাণঃ **৭**,২৬,৫৫০/০০ টাকা। ৩। গ্রামীণ ডাকঘর সংস্কার ও মেরামতের নামে অনিয়মিতভাবে টাকা পরিশোধ: জড়িত টাকার পরিমাণঃ **৩৩**,৯৩,৪০৪/০০ টাকা। ৪। ভ্যাট বাবদ টাকা জমার প্রমাণ/ চালান পাওয়া যায়নি। জড়িত টাকার পরিমাণঃ **১,৬২**,৯৭,৬২৬.০০ টাকা। ৫। আয়কর বাবদ টাকা জমার প্রমানক পাওয়া যায় নাই। জড়িত টাকার পরিমাণঃ **১,০২**,৪৯,৩১৪.০০ টাকা।	প্রক্রিয়াধীন। নিষ্পত্তির আশা করা যাচ্ছে।

১২.০ **প্রকল্পের উদ্দেশ্য অর্জন :**

আরডিপিপি অনুযায়ী লক্ষ্য	প্রকৃত অর্জন
প্রকল্পের লক্ষ্য সমুহঃ (ক) পল্লী জনগণের ডিজিটাল বাংলাদেশের স্বপ্ন পূরণের লক্ষ্যে পল্লী ডাকঘর অবকাঠামো নির্মাণ করা হবে যা ই-সেন্টার হিসেবে কাজ করবে। (খ) পল্লী এলাকার ডাক সেবা মান উন্নয়ন করা; (গ) পল্লী এলাকার আর্থ সামাজিক কার্যক্রম উন্নয়নে গুরুত্বপূর্ণ আবদান রাখবে; (ঘ) পল্লী এলাকার অর্থনৈতিক উন্নয়নে পল্লী ডাকঘরগুলি সেবা ভবন হিসেবে প্রদর্শিত হবে: (ঙ) পল্লী ডাকঘরের আয় বৃদ্ধি করা; (চ) প্রকল্প এলাকায় পরম্পরায় ছোট বড় কর্মসংস্থান সৃষ্টি করবে; (ছ) বিনিয়োগ বান্ধব অর্থনৈতিক কার্যক্রমকে পল্লী এলাকায় আরো শক্তিশালী করবে; (জ) প্রাকৃতিক দুর্যোগের সময় পল্লী ডাকঘরগুলি আশ্রয়ন কেন্দ্র হিসেবে কাজ করবে; এবং (ঝ) পল্লী নারীর জীবন যাপনের মানকে উন্নত করবে।	(ক) অর্জিত। প্রকল্পের আওতায় ভবন নির্মাণ করায় অবকাঠামোগত উন্নয়ন হয়েছে এবং নির্মিত ভবনসমূহ ই-সেন্টার হিসেবে ডিজিটাল বাংলাদেশের স্বপ্ন পূরণের কাজ করছে। (খ) অর্জিত। পল্লী এলাকায় ডাক সেবার মান উন্নত হয়েছে। (গ) অর্জিত। পল্লী এলাকার আর্থ সামাজিক কার্যক্রম উন্নয়নে গুরুত্বপূর্ণ আবদান রাখছে। (ঘ) অর্জিত। ই-সেন্টারে বহুমুখী সেবা প্রদান করায় পল্লী এলাকার অর্থনৈতিক উন্নয়নে পল্লী ডাকঘরগুলি সেবা ভবন হিসেবে প্রদর্শিত হচ্ছে: (ঙ) অর্জিত। ই-সেন্টারের ফলে ডাকঘরের আয় বৃদ্ধি পেয়েছে। (চ) অর্জিত। ই-সেন্টারের মাধ্যমে ছোট বড় কর্মসংস্থান সৃষ্টি হচ্ছে। (ছ) অর্জিত। (জ) অর্জিত। ঝ) অর্জিত। ই-সেন্টারের মাধ্যমে পল্লী নারীর জীবন যাপনের মান উন্নত হচ্ছে।

১৩. প্রকল্প পরিদর্শন : ১১/০৩/২০১৮ তারিখে নালিতাবাড়ি উপজেলা গাছগড়া শাখা ডাকঘর (নতুন নির্মাণ) এবং নালিতাবাড়ি বাজার শাখা ডাকঘর (সংস্কার ও মেরামত) আইএইডি কর্তৃক সরেজমিন পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে জনাব তরুনকান্তি সিকদার, পরিচালক, ডাক বিভাগ, ডেপুটি পোস্ট মাস্টার জেনারেল জনাব মোস্তাক আহমেদ, গাজী শাহেদ আনোয়ার, ডেপুটি পোস্ট মাস্টার জেনারেল, জামালপুর বিভাগ এবং হারুনুর রশিদ, শেরপুর উপ বিভাগ উপস্থিত ছিলেন। নালিতাবাড়ি বাজার শাখা ডাকঘর সংস্কার ও মেরামত করা হয়। ২০ ফুট **X** ৩০ ফুট আয়তনের গ্রামীণ ডাকঘরটির মেঝে টাইলটস্ করা হয়েছে। দরজা-জানালা, বারান্দা ও কাউন্টার মেরামত করা হয়েছে। ভবনের বাইরে ও ভেতরে প্লাস্টার করে রং করা হয়েছে। বিদ্যুতের ওয়ারিং করা হয়েছে এবং ২টি ফ্যান লাগানো হয়েছে। ছাঁদে প্যাডেল স্টোন ঢলাই করা হয়েছে এবং ১টি টিউবয়েল বসানো হয়েছে। একই দিনে গাছগড়া শাখা ডাকঘর পরিদর্শন করা হয়। ২০ ফুট **X** ৩০ ফুট আয়তনের গ্রামীণ ডাকঘরটি নতুন নির্মাণ করা হয়েছে। ডাকঘরটিতে ২টি কক্ষ , ১টি বাথরুম, ৬টি দরজা ও ২টি জানালা রয়েছে। প্রকল্পের আওতায় পোস্ট মাস্টারের বড় টেবিল , হাতাওয়ালা চেয়ার, গেস্ট চেয়ার, একটি ছোট টেবিল , ১টি স্টীলের আলমিরা, ১টি লোহার সিন্দুক, ১টি লোহার ফাইল কেবিনেট, ১টি লেটার বক্স ও ১টি ওয়েট মেশিন সরবরাহ করা হয়েছে। নির্মিত ভবনের মান সন্তোষজনক।

১২/০৩/২০১৮ তারিখে শ্রীবর্দী উপজেলার ধিয়ারপাড় শাখা ডাকঘর পরিদর্শন করা হয়। ২২ ফুট **X** ৩০ ফুট আয়তনের গ্রামীণ ডাকঘরটি নতুন নির্মাণ করা হয়েছে। ডাকঘরটিতে ২টি কক্ষ , ১টি বাথরুম, ৬টি দরজা ও ২টি জানালা রয়েছে। প্রকল্পের আওতায় পোস্ট মাস্টারের বড় টেবিল , হাতাওয়ালা চেয়ার, গেস্ট চেয়ার, একটি ছোট টেবিল , ১টি স্টীলের আলমিরা, ১টি লোহার সিন্দুক, ১টি লোহার ফাইল কেবিনেট, ১টি টিউবওয়েল, ১টি লেটার বক্স, ২টি ফ্যান ও ১টি ওয়েট মেশিন সরবরাহ করা হয়েছে। নির্মিত ভবনের মান সন্তোষজনক।

১৩/০৩/২০১৮ তারিখে নেত্রকোনা জেলার পূর্বধলা উপজেলার নারায়ণডহর শাখা ডাকঘর পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে জনাব তরুনকান্তি সিকদার, পরিচালক, ডাক বিভাগ, আব্দুল মালেক, ডেপুটি পোস্ট মাস্টার জেনারেল, ময়মনসিংহ বিভাগসহ অন্যান্যগণ উপস্থিত ছিলেন। ২ ২ ফুট X ৩০ ফুট আয়তনের গ্রামীণ ডাকঘরটি নতুন নির্মাণ করা হয়েছে। ডাকঘরটিতে ২টি কক্ষ , ১টি বাথরুম, ৬টি দরজা ও ২টি জানালা রয়েছে। প্রকল্পের আওতায় পোস্ট মাস্টারের বড় টেবিল, হাতাওয়ালা চেয়ার, গেস্ট চেয়ার, একটি ছোট টেবিল , ১টি স্টীলের আলমিরা , ১টি লোহার সিঁন্দুক , ১টি লোহার ফাইল কেবিনেট, ১টি টিউবওয়েল, ১টি লেটার বক্স, ২টি ফ্যান ও ১টি ওয়েট মেশিন সরবরাহ করা হয়েছে। নির্মিত ভবনের মান সন্তোষজনক।

১৪/০৩/২০১৮ তারিখে ময়মনসিংহ জেলার হালুয়াঘাট উপজেলার ধুরাইল শাখা ডাকঘর পরিদর্শন করা হয়। ধুরাইল শাখা ডাকঘর সংস্কার ও মেরামত করা হয়। ২০ ফুট X ১৬ ফুট আয়তনের গ্রামীণ ডাকঘরটির মেঝে টাইলটস্ করা হয়েছে। দরজা-জানালা, বারান্দা ও কাউন্টার মেরামত করা হয়েছে। ভবনের বাইরে ও ভেতরে প্লাস্টার করে রং করা হয়েছে। বিদ্যুতের ওয়ারিং করা হয়েছে এবং ২টি ফ্যান লাগানো হয়েছে। ছাঁদে প্যাডেল স্টোন ঢলাই করা হয়েছে এবং ১টি টিউবয়েল বসানো হয়েছে। বারান্দায় গ্রিল লাগানো হয়েছে।

প্রকল্প পরিদর্শনকালীন স্থির চিত্র



চিত্র:১ নবনির্মিত গাছগড়া শাখা ডাকঘর, নালিতাবাড়ী, শেরপুর।



চিত্র:২ প্রকল্পের আওতায় সরবরাহকৃত সিন্দুক।



চিত্র:৩ পূর্বধলা উপজেলায় নারায়ণডহর শাখা ডাকঘর।



চিত্র:৪ ধুরাইল শাখা ডাকঘর সংস্কার ও মেরামত করা হয়।

১৪.০ আইএমইডি'র পর্যবেক্ষণ :

১৪.১ গ্রামীন ডাকঘর নির্মাণে ভুমি প্রাপ্যতা নিয়ে জটিলতা, জনগণের নিকট থেকে জমি দানে আশানুরূপ সাড়া না পাওয়া, প্রকল্পের পরিচালক এবং উপ প্রকল্প পরিচালক নিয়োগ প্রদানে ১ বছর বিলম্বিত হওয়ায় প্রকল্পের মূল কার্যক্রম শুরু করতে বিলম্ব ঘটে ।

১৪.২ তাছাড়া প্রকল্পের ভবন নির্মাণের জন্য স্থানীয় জনসাধারণ কর্তৃক দানকৃত/সংগৃহীত জমিগুলো ভবন নির্মাণের জন্য উপযুক্ত না হওয়ায় প্রকল্প বাস্তবায়নে বিঘ্ন ঘটে।

১৪.৩ এছাড়া প্রকল্পের নির্মাণ ব্যয়ের রেট প্রথমে পিডব্লিউডি'র রেট শিডিউল ২০০৮ সালের নির্ধারিত ছিল। পরবর্তীতে ডিপিপি সংশোধন করে পিডব্লিউডি'র রেট সিডিউল ২০১১ অনুযায়ী নির্মাণ কাজ সম্পন্ন করা হয় । উল্লেখ্য, ডিপিপি সংশোধনকালে পিডব্লিউডি'র রেট সিডিউল ২০১৪ প্রচলিত ছিল। ফলে টেন্ডার বিজ্ঞপ্তি আহবান করলেও ঠিকাদারের নিকট থেকে আশানুরূপ সাড়া পাওয়া যায় নি। এই সব কারণে প্রকল্প বাস্তবায়নে জটিলতার সৃষ্টি হয়।

১৪.৪ ২০১৪-২০১৫, ২০১৫-২০১৬ এবং ২০১৬-২০১৭ অর্থবছরের অডিট আপত্তিসমূহ নিষ্পত্তি হয়নি। অনিষ্পন্ন অডিট আপত্তিসমূহের ব্রডশীট জবাব প্রস্তুত করে আপত্তি নিষ্পত্তি প্রক্রিয়াধীন অবস্থায় আছে মর্মে প্রকল্প পরিচালক জানান। অডিট আপত্তি নিষ্পত্তিপূর্বক আইএমইডিকে অবহিত করা প্রয়োজন।

১৪.৫ প্রকল্পের আওতায় ক্রয়কৃত চেয়ার, টেবিল, আলমারী, সিঁন্দুকে কোন পরিচিতি/নম্বর দেখা যায়নি। নির্মিত ভবন কোন প্রকল্পের আওতায় নির্মাণ করা হলো সে সম্বলিত কোন সাইনবোর্ড নেই। তবে পরিদর্শনকৃত ভবনসমূহের মান সন্তোষজনক মনে হয়েছে।

১৪.৬ উল্লেখ্য" ,সরকারী খাতে উন্নয়ন প্রকল্প প্রণয়ন , প্রক্রিয়াকরণ, অনুমোদন ও সংশোধন পদ্ধতি পরিপত্র অনুসারে প্রকল্প ") ৩ সমাপ্তিরতিন মাসের মধ্যে আইএমইডিতে পিসিআর প্রে (রণের বিধান রয়েছে। প্রকল্পটি ৩০/০৬/২০১৭ তারিখে সমাপ্ত হলেও পিসিআর প্রায় ০১ (এক) বছর পর আইএমইডিতে প্রেরণ করা হয়।

১৫.০ আইএমইডি'র মতামত/সুপারিশ:

১৫.১ পোস্ট অফিসসমূহের মালামালগুলোর নিরাপত্তা বিধানের জন্য জোরদার নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করতে হবে। ব্যবহৃত যন্ত্রপাতিসমূহ নষ্ট বা মেরামতের জন্য উপজেলা পর্যায়ে ব্যবস্থা রাখতে হবে।

১৫.২ পোস্ট অফিসসমূহ হতে প্রদত্ত সেবাসমূহের সংখ্যা বাড়াতে হবে এবং বহুমুখী করতে হবে । ইউনিয়ন ডিজিটাল সেন্টারে প্রদত্ত সেবাসমূহ ই-সেন্টারেও প্রবর্তন করতে হবে।

১৫.৩ সুষ্ঠু আর্থিক ব্যবস্থাপনার স্বার্থে অডিট আপত্তি দ্রুত নিষ্পত্তিপূর্বক আইএমইডিকে অবহিত করতে হবে । বিষয়টি সংস্থা প্রধান নিশ্চিত করবেন।

১৫.৪ প্রকল্পের আওতায় নির্মিত ভবনে ও সংগৃহীত আলমারী, সিঁন্দুক, সেলফ, লেটার বক্স, চেয়ার-টেবিল ও ওজন মাপক যন্ত্রে প্রকল্পের নাম ও সিরিয়াল নম্বর সংযুক্ত করতে হবে। এ সিরিয়াল নম্বর এর সাথে প্রকল্প কার্যালয়ে সংরক্ষিত সম্পদ রেজিস্টার এর সমন্বয় করতে হবে। ইনভেনটরির লিস্ট যথাযথভাবে প্রণয়ন করে প্রকল্পের আওতায় সংগৃহীত এসকল সম্পদ যথাযথভাবে সংরক্ষণ করতে হবে। স্থানীয় পর্যায়ে এ সকল সম্পদের যথাযথ হেফাজত ও সংরক্ষণের জন্য জেলা ও উপজেলা পর্যায়ের কর্মকর্তাগণকে নির্দেশনা দিতে হবে।

১৫.৫ পোস্ট অফিসসমূহের সেবা সম্পর্কে ব্যাপক প্রচারণা কার্যক্রম চালাতে হবে। বিভিন্ন সামাজিক যোগাযোগ মাধ্যমে পোস্ট অফিসসমূহের কার্যক্রম ও সেবা সম্পর্কে ব্যাপক প্রচারণা কার্যক্রম পরিচালনা করতে হবে।

১৫.৬ ভবিষ্যতে সমাপ্ত প্রকল্পসমূহের প্রকল্প সমাপ্তি প্রতিবেদন পরিপত্র অনুসারে নির্ধারিত সময়ে আইএমইডি'তে প্রেরণের বিষয়ে প্রশাসনিক মন্ত্রণালয়কে কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে।

১৫.৭ উপরোক্ত সুপারিশ/মতামত (অনুচ্ছেদ ১৫.১ হতে ১৫.৬) অনুযায়ী প্রযোজ্য ক্ষেত্রে গৃহীত ব্যবস্থা প্রশাসনিক মন্ত্রণালয় ও প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা আগামী ২১ দিনের মধ্যে বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগকে অবহিত করবে।

পোস্ট ই-সেন্টার ফর রুরাল কমিউনিটি শীর্ষক প্রকল্পের **সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন**

(সমাপ্ত : জুন, ২০১৭)

১.০ প্রকল্পের নাম : পোস্ট ই-সেন্টার ফর রুরাল কমিউনিটি

২. বাস্তবায়নকারী সংস্থা : বাংলাদেশ ডাক বিভাগ

৩. উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ : ডাক ও টেলিযোগাযোগ এন্ড তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়/ ডাক ও টেলিযোগাযোগ বিভাগ।

৪. প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয় : (লক্ষ টাকায়)

অনুমোদিত ব্যয়		প্রকৃত ব্যয়	অনুমোদিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়ন কাল	মূল ব্যয়ের হ্রাস/বৃদ্ধি (মূল অনুঃ ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %)
মূল	সর্বশেষ সংশোধিত		মূল	সর্বশেষ সংশোধিত			
১	২	৩	৪	৫	৬	৭	৮
৫৪০৯৪.২৪	৫৪০৯৪.২৪	৩৮০৬৪.৯৬	জানুয়ারি ২০১২ ইং হতে ডিসেম্বর ২০১৫ ইং	জানুয়ারি ২০১২ ইং হতে জুন ২০১৭ ইং	জানুয়ারি ২০১২ ইং হতে জুন ২০১৭ ইং	-১৬০২৯.২৮ (-২৯.৬৩%)	৩ বছর (৭৫%)

৫. ক্রমপুঞ্জিত অগ্রগতি : ৩৮০৬৪.৯৬ লক্ষ টাকা যা বরাদ্দের ৭০.৩৭%।

২.০ প্রকল্পের পটভূমি : বর্তমান সরকারের নির্বাচনী ইশতেহারে ২০২১ সালের মধ্যে ডিজিটাল বাংলাদেশ গড়ার ঘোষনা প্রদান করেছে। ডিজিটাল বাংলাদেশ এর ধারণা বাস্তবায়নের লক্ষ্যে সরকার একটি কেন্দ্রীয় পরিকল্পনা গ্রহণ করেছে। দেশের সাধারণ জনগণের দোরগোড়ায় ডিজিটাল বাংলাদেশের সুফল পৌঁছে দেয়ার লক্ষ্যে এ পরিকল্পনায় বিশেষ গুরুত্ব প্রদান করা হয়েছে এবং একটি বিশাল জনগোষ্ঠী এ কার্যক্রমে যুক্ত হবে। উক্ত কেন্দ্রীয় পরিকল্পনার অংশ হিসাবে বাংলাদেশ ডাক বিভাগ বিভিন্ন পরিকল্পনা গ্রহণ করেছে।

বাংলাদেশ ডাক বিভাগ এর বৃহৎ নেটও য়ার্ক এর মাধ্যমে আইসিটি ভিত্তিক সেবাসমুহ দেশের মানুষদের প্রদান করছে । বাংলাদেশ ডাক বিভাগ এই মাধ্যম হিসেবে কাজ কর ছে। জনসাধারণের উন্নয়নের জন্য প্রযুক্তি একটি গুরুত্বপূর্ণ মাধ্যম। গ্রামীণ এলাকায় কমিউনিটি ই-সেন্টার প্রতিষ্ঠার মাধ্যমে ধনী ও দরিদ্রের মধ্যে ডিজিটাল ডিভাইড দূর করা সম্ভবপর হবে যার মাধ্যমে দরিদ্র জনগোষ্ঠী ন্যূনতম খরচে তথ্য প্রযুক্তির এক নতুন দুয়ার উম্মোচন করতে পারবে। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আইসিটি) বিশেষ করে ইন্টারনেট তথ্য নির্ভর মানুষের কার্যক্রমকে পরিবর্তন করছে যার মধ্যে গ্রামীণ উন্নয়ন অন্তর্ভূক্ত। ব্যক্তি এবং সমাজের জন্য আইসিটি নতুন কার্যাবলী উপস্থাপন করছে যা শুধু তথ্যের যোগনদানকারীদের জন্যই নয় বরং তথ্যের গ্রাহকদের জন্যও। মিডিয়ার সমন্বয়ের মাধ্যমে আইসিটি -কে গড়ে তোলা যাবে এবং অন্যান্য মিডিয়া যেমন- রেডিও, টেলিভিশন এর কার্যক্রমকে সমন্বয় করা যাবে। এর মাধ্যমে তথ্য স্বল্প-ব্যয়ে তৈরী এবং বিনিময় করা যাবে, যার জন্য কেন্দ্রীয় পদ্ধতির পরিবর্তে নেটওয়ার্ক পদ্ধতির প্রয়োজন। যদিও এখানে অনেক বাণিজ্যিক প্রক্রিয়া রয়েছে, এখানে পাবলিক প্রতিষ্ঠান এবং অলাভজনক খাতও প্রয়োজন রয়েছে যারা আইসিটি'র নতুন কার্যক্রমকে পরিচালনা করবে। উন্নয়নশীল দেশে টেলিসেন্টার একটি দ্রুত বর্ধনশীল এপ্লিকেশন।

টেলিসেন্টার প্রায় প্রতিটি দেশে বিদ্যমান রয়েছে। জনগন এসব টেলিসেন্টার ব্যবহার করছে কমিউনিটি সেন্টার এবং তথ্য কেন্দ্র হিসাবে যেখানে জনগন তথ্য আদান প্রদান করতে পারে। জনগন এসব কেন্দ্র ফটোকপি সেন্টার, ইন্টারনেট সংযোগ, পরিবারের সদস্যদের সাথে যোগাযোগ, কৃষি, শিক্ষা, ও স্বাস্থ্য বিষয়ক তথ্য কেন্দ্র হিসাবে ব্যবহার করতে পারে।

ডিজিটাল বাংলাদেশ গড়ার বিষয়ে বাংলাদেশ ডাক বিভাগ একটি গুরুত্বপূর্ণ ভুমিকা পালন করতে পারে। এরই অংশ হিসাবে বাংলাদেশ ডাক বিভাগ গ্রামীণ এলাকায় অবস্থিত ৮৫০০ টি ডাকঘরকে ই-সেন্টার হিসাবে রুপান্তরের পরিকল্পনা গ্রহণ করেছে যার মাধ্যমে ডিজিটাল বাংলাদেশের সুফল সাধারণ মানুষের দোরগোড়ায় পৌঁছে দিতে পারবে।

৩.০ **প্রকল্পের উদ্দেশ্য :** প্রকল্পের মূল উদ্দেশ্যসমুহ নিম্নরূপ :

১। গ্রাম পর্যায়ে ইন্টারনেট সেবা ও সুবিধা প্রদান

২। গ্রাম পর্যায়ে বিদেশ হতে আগত রেমিটেন্স সুবিধা প্রদান

৩। ইন্টারনেটের মাধ্যমে বিভিন্ন পরীক্ষার ফলাফল প্রকাশের সুবিধা প্রদান

৪। ওয়েব ক্যাম এর সাহায্যে প্রবাসীদের সাথে দেশের প্রত্যন্ত অঞ্চলের মানুষের ব্যক্তিগত যোগাযোগের ব্যবস্থা করা হবে

৫। কৃষি, শিক্ষা এবং স্বাস্থ্য সম্পর্কিত তথ্য গ্রামীণ জনগণের মাঝে পৌঁছে দেয়া

৬। গ্রামীণ পোস্ট অফিসগুলিকে উন্নত প্রযুক্তি, তথ্য ভান্ডার এবং ডিজিটাল ফটো স্টুডিওতে রুপদান করা

৭। গ্রাম থেকেই online এর মাধ্যমে বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে ভর্তির সুযোগ সৃষ্টি

৮। তথ্য ও প্রযুক্তি সম্পন্ন জনশক্তি তৈরী

৪.০ **প্রকল্প অনুমোদন ও সংশোধন :**

প্রকল্পটি ৫৪০৯৪.২৪ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জানুয়ারি, ২০১২ হতে ডিসেম্বর, ২০১৫ মেয়াদে বাস্তবায়নের জন্য ২৪ জানুয়ারি ২০১২ তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়। পরবর্তীতে পরিকল্পনা কমিশন হতে ২১/০৩/২০১৫ তারিখে ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে জানুয়ারি, ২০১২ হতে জুলাই, ২০১৭ পর্যন্ত অর্থাৎ ১ (এক) বছর ৬ মাস মেয়াদ বৃদ্ধি করা হয়।

৫.০ **প্রকল্পের অর্থায়ন :** এডিপি/আরএডিপি বরাদ্দ, অবমুক্তি ও ব্যয় সংক্রান্ত সার্বিক অগ্রগতি

(লক্ষ টাকায়)

অর্থ বছর	আরএডিপি বরাদ্দ		প্রকৃত ব্যয়/অগ্রগতি			
	টাকা	বাস্তব লক্ষ্যমাত্রা	মোট ব্যয়	টাকা	প্রকল্প সাহায্য	বাস্তব %
২০১১-১২	**১৫০.০০**	**০.৬%**	**১২৭.১৩**	**১২৭.১৩**	**০.০০**	**০.৬%**
২০১২-১৩	**৪০০.০০**	**১.২%**	**৩৬৭.৬৭**	**৩৬৭.৬৭**	**০.০০**	**১.২%**
২০১৩-১৪	**৬০০.০০**	**২.৯%**	**৫৫৬.৩৩**	**৫৫৬.৩৩**	**০.০০**	**২.৯%**
২০১৪-১৫	**৪৭৯০.০০**	**২৪.৭%**	**৪৬৫৫.২২**	**৪৬৫৫.২২**	**০.০০**	**২৪.৭%**
২০১৫-১৬	**৮৮৫০.০০**	**৩৫.৩%**	**৮৮২৪.৯৪**	**৮৮২৪.৯৪**	**০.০০**	**৩৫.৩%**
২০১৬-১৭	**২৩৭০০.০০**	**৩৫.৩%**	**২৩৫৩৩.৬৭**	**২৩৫৩৩.৬৭**	**০.০০**	**৩৫.৩%**
মোট:	**৩৮৪৯০.০০**	**১০০%**	**৩৮০৬৪.৯৬**	**৩৮০৬৪.৯৬**	**০.০০**	**১০০%**

৬.০ **প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি:**

(লক্ষ টাকায়)

কাজের আইটেম (পিপি অনুসারে)	একক	লক্ষমাত্রা (পিপি অনুসারে)		বাস্তব অগ্রগতি		বিচ্যুতির কারণ (+)
		আর্থিক	ভৌত (পরিমান)	আর্থিক	ভৌত (পরিমান)	
১	২	৩	৪	৫	৬	৭
(ক) রাজস্ব খাত						
৪৫০০: কর্মকর্তাদের বেতন	জন	২৭.২১	৮ জন	০.০০	০ জন	
৪৬০০: কর্মচারিদের বেতন	জন					
৪৭০০: ভাতাদি	জন					
৪৮০০: সরবরাহ ও সেবা সমূহ	জন	৯০০৬.৮৫	১১৪২ জন	২৩৬৩.৬৬	৩৮৮ জন	-
৪৯০০: মেরামত ও সংরক্ষণ	থোক	১৫০.০০	থোক	২৫.০০	থোক	-
৬৬০০: থোক বরাদ্দ						
উপমোট (ক)	থোক	৯১৮৪.০৬	-	২৩৮৮.৬৬	থোক	-
(খ) মূলধন খাত						
৬৮০০: সম্পদ সংগ্রহ						-
যন্ত্রপাতি		৪৩০৩০.৮২		৩৫১৪০.১৫		
যানবাহন		৫৩৫.০০	১১ টি	৫৩৬.১৫		
প্রাইস এন্ড ফিজিক্যাল কন্টিজেন্সি		১৩৪৪.৩৮		০.০০		
উপমোট (খ)		৪৪৯১০.১৮		৩৫৬৭৬.৩০		-
সর্বমোট (ক+খ)		৫৪০৯৪.২৪	-	৩৮০৬৪.৯৬		-

৭.০ **কোন অঙ্গের বাস্তবায়ন অসম্পূর্ণ আছে কিনা :** না।

৮.০ **প্রকল্পের ক্রয় কার্যক্রম:**

(লক্ষ টাকায়)

কাজের নাম	দরপত্র মূল্য (লক্ষ টাকায়)		দরপত্র		কার্য সম্পাদনের তারিখ	
	আরডিপিপি অনুযায়ী	চুক্তি মূল্য	দরপত্র আহবানের তারিখ	চুক্তি স্বাক্ষরের তারিখ	চুক্তি অনুসারে	প্রকৃত
২৩০০টি পিওএস মেশিন	৭.৫৯	৭.২৪	০৩ মার্চ ,২০১৫	১৮ মে ,২০১৫	১৮ মে ,২০১৬	৩০ জুন ,২০১৭
২৩০০টি ফিঙ্গার ভেইন মেশিন	৪.৬০	৪.৩৭	০৩ মার্চ ,২০১৫	১৮ মে ,২০১৫	১৮ মে ,২০১৬	৩০ জুন ,২০১৭
২১০০টি ফটো প্রিন্টার	৭.১৪	৩.৫৭	০৩ মার্চ ,২০১৫	০২ জুন ,২০১৫	০২ জুন ,২০১৬	৩০ জুন ,২০১৭
৩২৬ টি কম্পিউটার এবং এক্সেসরিস	১.৯৬	২.০৩	১৯ নভেম্বর,২০১৪	৯ এপ্রিল,২০১৬	৩০ জুন,২০১৭	৩০ জুন ,২০১৭
১৩০০টি লেজার প্রিন্টার ডিপিএম)	৭.০৮	২.০৭৯	১৬ জুলাই,২০১৫	১৭ আগস্ট,২০১৫	১৭ আগস্ট,২০১৬	৩০ জুন ,২০১৭
১১৮০টি দোয়েল ল্যাপটপ (ডিপিএম)	৭.০৮	৬.৫২	২৯ডিসেম্বর,২০১৪	২৯ডিসেম্বর,২০১৪	২৪ মার্চ, ২০১৬	৩০ জুন ,২০১৭
১৭৫৫টি সেট ফার্নিচার(ডিপিএম)	৪.০৪	৩.৯৯৮	১৫ জুন,২০১৫	১৫ জুন,২০১৫	১৫ জুন,২০১৬	৩০ জুন ,২০১৭
৩০০০টি পিওএস মেশিন	৯.৯০	৯.৭৩	০৯ মার্চ,২০১৬	৫অক্টোবর,২০১৫	১১অক্টোবর,২০১৫	৩০ জুন ,২০১৭
৩০০০টি ফিঙ্গার ভেইন মেশিন ডিপিএম)	৬.০০	৫.৯৪	৩০ আগস্ট,২০১৫	৫অক্টোবর,২০১৫	৫অক্টোবর,২০১৬	৩০ জুন ,২০১৭
১৫০০টি সোলার সিস্টেম(ডিপিএম)	৪৭.২৫	৪৭.২৩৪	০১ ফেব্রুয়ারী,২০১৬	০১ ফেব্রুয়ারী,২০১৬	০১ ফেব্রুয়ারী, ২০১৭	৩০ জুন ,২০১৭
৯১২৫টি দোয়েল ল্যাপটপ (ডিপিএম)	৫৪.৭৫	৪৪.০১৪	১৬ সেপ্টেম্বর,২০১৫	১৬ সেপ্টেম্বর,২০১৫	১৬ অক্টোবর,২০১৭	৩০ জুন ,২০১৭
৩০০০টি ফটো প্রিন্টার (ডিপিএম)	১০.২০	৫.৩৮৪	৩০ আগস্ট,২০১৫	১১অক্টোবর,২০১৫	১১অক্টোবর,২০১৬	৩০ জুন ,২০১৭
৩০০০টি লেজার প্রিন্টার (ডিপিএম)	৫.৪০	৪.৭৮৩৫	৩০ আগস্ট,২০১৫	০৫অক্টোবর,২০১৫	০৫অক্টোবর,২০১৬	৩০ জুন ,২০১৭

কাজের নাম	দরপত্র মূল্য (লক্ষ টাকায়)		দরপত্র		কার্য সম্পাদনের তারিখ	
	আরডিপিপি অনুযায়ী	চুক্তি মূল্য	দরপত্র আহবানের তারিখ	চুক্তি স্বাক্ষরের তারিখ	চুক্তি অনুসারে	প্রকৃত
৮টি ডাবল কেবিন পিকআপ(ডিপিএম)	৪.০০	৩.৮৮	০৫ ফেব্রুয়ারী,২০১৭	০৮ মার্চ, ২০১৭	০৮ মার্চ, ২০১৮	৩০ জুন ,২০১৭
১১৭০০টি পিওএস মেশিন(ডিপিএম)	৩৮.৬১	৩৭.৯৬	০৯ মার্চ ,২০১৬	০১ জুন ,২০১৬	০১ জুন ,২০১৭	৩০ জুন ,২০১৭
৪৭০০টি ফিঙ্গার ভেইন মেশিন	৯.৪০	৯.৩০৬	০৯ মার্চ ,২০১৬	০১ জুন ,২০১৬	০১ জুলাই ,২০১৭	৩০ জুন ,২০১৭
চিপ বেসড কার্ড (ডিপিএম)	৪.৫২	৪.৪৬৬	০৬ জুন ,২০১৭	০৮ জুন ,২০১৭	০৮ জুন ,২০১৮	৩০ জুন ,২০১৭
১০৭৪১টি ল্যাপটপ (ডিপিএম)	৬৪.৪৪৬	৫১.৮০৮	০৯ মার্চ ,২০১৬	০১ জুন ,২০১৬	০১ জুন ,২০১৭	৩০ জুন ,২০১৭
২৯৫০টি লেজার প্রিন্টার (ডিপিএম)	৫.৩১	৪.৭০৪	০৯ মার্চ ,২০১৬	০১ জুন ,২০১৬	০১ জুন ,২০১৭	৩০ জুন ,২০১৭
৩০০০টি ফটো প্রিন্টার (ডিপিএম)	১০.২০	৫.৩৮৪১	০৯ মার্চ ,২০১৬	০১ জুন ,২০১৬	০১ জুন ,২০১৭	৩০ জুন ,২০১৭
৮২৭০টি দোয়েল ওয়েব ক্যাম(ডিপিএম)	৪.১৩৫	২.৭২৯১	০২ নভেম্বর,২০১৬	২৮ ডিসেম্বর,২০১৬	২৮ ডিসেম্বর,২০১৬	৩০ জুন ,২০১৭
৫০০টি সার্ভার ইউপিএস সহ(ডিপিএম)	১৫.৫০	১৫.১১৪২	০৫ মার্চ ,২০১৭	১৫ মার্চ ,২০১৭	১৫ মার্চ ,২০১৭	৩০ জুন ,২০১৭
৫৭৫৫ সেট ফার্নিচার (ডিপিএম)	১৩.২৩৬৫	১৩.১১২৬	৫ ফেব্রুয়ারী,২০১৭	১২ ফেব্রুয়ারী,২০১৭	১২ ফেব্রুয়ারী,২০১৮	৩০ জুন ,২০১৭

৯.০ প্রকল্পটির কার্যক্রম আইএমইডি কর্তৃক পরিবীক্ষণ করা হয়েছে।

পরিদর্শনকারী কর্মকর্তার নাম ও পদবী	পরিদর্শন তারিখ
জনাব সুমন দাস সহকারী পরিচালক, আইএমইডি	০৯/০২/২০১৬

১০.০ **প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য :**

নাম ও পদবী	পূর্ণকালীন / খন্ডকালীন	যোগদানের তারিখ	বদলীর তারিখ	মেয়াদকাল
আলাউদ্দিন আহম্মদ, পোস্ট মাস্টার জেনারেল, মেট্রো সার্কেল	পূর্ণকালীন অতিরিক্ত দায়িত্ব	১০.০৪.২০১২	-	১০.০৪.২০১২ হতে ২৭.১১.২০১৪
সুধাংশু শেখর ভদ্র অতিরিক্ত মহাপরিচালক	পূর্ণকালীন অতিরিক্ত দায়িত্ব	১৭.১২-২০১৪	-	১৭.১২.২০১৪ হতে ৩০.০৬.২০১৭

১১.০ **অডিট সংক্রান্ত :**

নিরীক্ষাকাল	**নিরীক্ষা প্রতিবেদন জমার তারিখ**	**প্রধান তথ্যসমূহ/আপত্তিসমূহ**	আপত্তি নিরসন হযেছে কি-না
১	**২**	**৩**	৪
২০১১-২০১২	**২০১২**	-	-
২০১২-২০১৩	**২০১৩**	-	-
২০১৩-২০১৪ ২০১৪-২০১৫	২০১৫	ভ্যাট এবং আয়কর টাকা আদায় করা হয়নি।	নিষ্পত্তিকৃত
		স্ক্যানার ক্রয় বাবদ অনিয়মিত ব্যয়	নিষ্পত্তিকৃত
		প্রিন্টার, স্ক্যানার এবং ওয়েব ক্যাম ক্রয় বাবদ অনিয়মিত ব্যয়	আপত্তি নিষ্পত্তি নিরীক্ষা দপ্তর প্রান্তে প্রক্রিয়াধীন
		ফার্ণিচার ক্রয় বাবদ অনিয়মিত ব্যয়	আপত্তি নিষ্পত্তি নিরীক্ষা দপ্তর প্রান্তে প্রক্রিয়াধীন
		ফটো প্রিন্টার ক্রয় বাবদ অনিয়মিত ব্যয়	আপত্তি নিষ্পত্তি নিরীক্ষা দপ্তর প্রান্তে প্রক্রিয়াধীন
২০১৫-২০১৬	২০১৬	উন্মুক্ত দরপত্র ক্রয় পদ্ধতি পরিহার করে সরাসরি ক্রয় পদ্ধতির মাধ্যমে মালামাল ক্রয়	নিষ্পত্তিকৃত
		উপজেলা ডাকঘর নবরুপায়িত বাবদ অনিয়মিত ব্যয়	আপত্তি নিষ্পত্তি নিরীক্ষা দপ্তর প্রান্তে প্রক্রিয়াধীন
		নিরাপত্তা প্রহরী হিসাবে আনসার নিয়োগের মাধ্যমে অনিয়মিত ব্যয়	আপত্তি নিষ্পত্তি নিরীক্ষা দপ্তর প্রান্তে প্রক্রিয়াধীন
২০১৬-২০১৭		পারফরমেন্স অডিট কার্যক্রম চলমান আছে। এপ্রিল, ২০১৮ এ সমাপ্ত হবে।	

১২.০ **প্রকল্পের উদ্দেশ্য অর্জন :**

আরডিপিপি অনুযায়ী লক্ষ্য	প্রকৃত অর্জন
প্রকল্পের লক্ষ্য সমুহঃ ১। গ্রাম পর্যায়ে ইন্টারনেট সেবা ও সুবিধা প্রদান	প্রকল্পের প্রকৃত অর্জনঃ ১। প্রতিটি পোস্ট ই-সেন্টারে ওয়্যারলেস মডেমের মাধ্যমে ওয়্যারলেস ইন্টারনেট সংযোগ প্রদান করা রয়েছে। এ সকল ওয়্যারলেস ইন্টারনেট মডেমের মাধ্যমে গ্রামীণ জনগণ পোস্ট ই-সেন্টার হতে

আরডিপিপি অনুযায়ী লক্ষ্য	প্রকৃত অর্জন
	ইন্টারনেট ভিত্তিক সেবাসমূহ সহজে গ্রহণ করতে পারছে।
২। গ্রাম পর্যায়ে বিদেশ হতে আগত রেমিটেন্স সুবিধা প্রদান	২। পোস্ট ই-সেন্টারসমূহে পয়েন্ট অব সেল (পিওএস) মেশিন ও বায়োমেট্রিক ডিভাইস এবং ওয়্যারলেস ইন্টারনেট সংযোগ রয়েছে। এর মাধ্যমে বিদেশ হতে আগত রেমিট্যান্স বিতরণের সুযোগ আছে কিন্তু ডাক বিভাগ এখনো এ সার্ভিসটি চালু করে নি। তবে এখান হতে সামাজিক নিরাপত্তা বেষ্টণীর বিভিন্ন ভাতা ও পোস্টাল ক্যাশ কার্ড সেবা ও ইলেক্ট্রনিক মানি ট্রান্সফার সার্ভিস প্রদান করা হচ্ছে।
৩। ইন্টারনেটের মাধ্যমে বিভিন্ন পরীক্ষার ফলাফল প্রকাশের সুবিধা প্রদান	৩। প্রতিটি পোস্ট ই-সেন্টারে ৩টি করে কম্পিউটার রয়েছে। পোস্ট ই-সেন্টারে স্থাপিত ওয়্যারলেস ইন্টারনেট সংযোগ-এর মাধ্যমে গ্রামীণ জনগণ প্রাথমিক সমাপণী, জুনিয়র স্কুল সার্টিফিকেট, এসএসসি, আলিম, দাখিল, কামিল, ফাযিল ইত্যাদি পাবলিক পরীক্ষার ফলাফল স্বল্পমূল্যে ডাউনলোড করে নিতে পারছে।
৪। ওয়েব ক্যাম এর সাহায্যে প্রবাসীদের সাথে দেশের প্রত্যন্ত অঞ্চলের মানুষের ব্যক্তিগত যোগাযোগের ব্যবস্থা করা হবে	৪। পোস্ট ই-সেন্টারে ওয়েব ক্যাম এর সাহায্যে দেশে ও বিদেশে স্কাইপ, ইমো, ভাইবার, হোয়াটসঅ্যাপ, গুগল ডুয়ো ইত্যাদি ব্যবহারের মাধ্যমে প্রবাসীদের সাথে দেশের প্রত্যন্ত অঞ্চলের জনগণ সহজেই যোগাযোগ সম্পন্ন করতে পারছে।
৫। কৃষি, শিক্ষা এবং স্বাস্থ্য সম্পর্কিত তথ্য গ্রামীণ জনগণের মাঝে পৌঁছে দেয়া	৫। পোস্ট ই-সেন্টারের মাধ্যমে গ্রামীণ জনগণ বিভিন্ন চিকিৎসকের তথ্য,ওয়েবসাইটের মাধ্যমে স্বাস্থ্য সেবা সম্পর্কিত বিভিন্ন তথ্য, উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অধ্যয়ন উপকরণ ডাউনলোড ও প্রিন্ট করে নিতে পারছেন। কৃষি সংক্রান্ত বিভিন্ন তথ্য, বালাই ব্যবস্থাপনা সংক্রান্ত তথ্য সহজেই পেতে পারছেন।
৬। গ্রামীণ পোস্ট অফিসগুলিকে উন্নত প্রযুক্তি, তথ্য ভান্ডার এবং ডিজিটাল ফটো স্টুডিওতে রুপদান করা	৬। পোস্ট ই-সেন্টার হতে বিভিন্ন প্রকারের দলিলপত্র কম্পোজ ও প্রিন্ট করা যাচ্ছে, ছবি প্রিন্ট, স্ক্যানিং, ই-মেইল, কম্পিউটার কম্পোজ ইত্যাদি করা যাচ্ছে।
৭। গ্রাম থেকেই online এর মাধ্যমে বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে ভর্তির সুযোগ সৃষ্টি	৭। পোস্ট ই-সেন্টারের মাধ্যমে গ্রাম থেকেই অনলাইনের মাধ্যমে বিভিন্ন কলেজ ও বিশ্ববিদ্যালয়ে ভর্তি ও পরীক্ষা সংক্রান্ত ফরম পূরণ করা যাচ্ছে। প্রবেশপত্র ও পরীক্ষার ফলাফল ডাউনলোড করে প্রিন্ট করা যাচ্ছে।
৮। তথ্য ও প্রযুক্তি সম্পন্ন জনশক্তি তৈরী	৮। পোস্ট ই-সেন্টার হতে ৩ মাস মেয়াদী ডিপ্লোমা ইন সফটওয়্যার অ্যাপ্লিকেশন শীর্ষক কম্পিউটার ট্রেনিং কোর্স এবং ৬ মাস মেয়াদী ডিপ্লোমা ইন সফটওয়্যার অ্যাপ্লিকেশন কম্পিউটার ট্রেনিং কোর্স করানো হচ্ছে। প্রতিটি পোস্ট ই-সেন্টার হতে প্রতিমাসে গড়ে ১০ জন নর-নারীকে মৌলিক কম্পিউটার প্রশিক্ষণ কোর্স সম্পন্ন করানো হচ্ছে। এ পর্যন্ত প্রায় ১,৭০,০০০ জন নর-নারী পোস্ট ই-সেন্টার হতে কম্পিউটারের উপর প্রশিক্ষণ সম্পন্ন করেছেন।

১৩. প্রকল্প পরিদর্শন : ১১/০৩/২০১৮ তারিখে নালিতাবাড়ি উপজেলার ডাকঘর, গাছগড়া শাখা ডাকঘর এবং নালিতাবাড়ি বাজার শাখা ডাকঘর আইএইডি কর্তৃক সরেজমিন পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে ডেপুটি পোস্ট মাস্টার জেনারেল জনাব মোস্তাক আহমেদ, গাজী শাহেদ আনোয়ার, ডেপুটি পোস্ট মাস্টার জেনারেল, জামালপুর বিভাগ এবং হারুনুর রশিদ, শেরপুর উপ বিভাগ উপস্থিত ছিলেন।

১২/০৩/২০১৮ তারিখে শেরপুর সদর উপজেলায় বাজিতখিলা,বিও, এবং শ্রীবর্দী উপজেলার ধিয়ারপাড় শাখা ডাকঘর পরিদর্শন করা হয়। ১৩/০৩/২০১৮ তারিখে নেত্রকোনা জেলার পূর্বধলা উপজেলার নারায়ণডহর শাখা ডাকঘর পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে আব্দুল মালেক, ডেপুটি পোস্ট মাস্টার জেনারেল, ময়মনসিংহ বিভাগসহ অন্যান্যগণ উপস্থিত ছিলেন।

১৪/০৩/২০১৮ তারিখে ময়মনসিংহ জেলার হালুয়াঘাট উপজেলার ধুরাইল শাখা ডাকঘর এবং হালুয়াঘাট পোস্ট অফিস পরিদর্শন করা হয়। পরিদর্শনে পোস্ট-ই সেন্টারের উদ্যোক্তাগণের সাথে মত বিনিময় করা হয়। উদ্যোক্তাগণ জানান, নিরবিচ্ছিন্ন বিদ্যুতের অভাবে তারা পরিপূর্ণ সেবা দিতে পারছেন না। গড়ে উদ্যোক্তগণ মাসে স্থান ভেদে ১৫ হতে ৩০ হাজার টাকা আয় করেন এবং আয়ের নির্দিষ্ট অংশ সরকারী কোষাগারে জমা করেন।

প্রকল্প পরিদর্শনকালীন স্থির চিত্র

<table>
<tr><td>
</td><td>
</td></tr>
<tr><td>চিত্র:১ নারায়ণডহর শাখা, পূর্বধলা ডাকঘর পোস্ট-ই সেন্টার।</td><td>চিত্র:২ নালিতাবাড়ী উপজেলা পোস্ট অফিস ই-সেন্টার।</td></tr>
<tr><td></td><td>
</td></tr>
<tr><td>চিত্র:৩ হালুয়াঘাট উপজেলা পোস্ট ই-সেন্টারের কম্পিউটার প্রশিক্ষণার্থীবৃন্দ</td><td>চিত্র:৪ পূর্বধলা পোস্ট অফিস।</td></tr>
</table>



চিত্র:৫ বাজিতখিলা অবিভাগীয় শাখা ডাকঘর, শেরপুর সদরে পোস্ট-ই সেন্টার।



চিত্র:৬ পোস্ট-ই সেন্টারের ল্যাপটপ ও অন্যান্য যন্ত্রাংশ।



চিত্র:৭ গাছগড়া, নালিতাবাড়ী শাখা ডাকঘর।



চিত্র:৮ অবিভাগীয় শাখা ডাকঘরে পোস্ট ই সেন্টার।

১৪.০ আইএমইডি'র পর্যবেক্ষণ:

১৪.১ পোস্ট ই-সেন্টার হতে প্রদত্ত সেবাসমূহের মূল্য তালিকা এখনো ডাক অধিদপ্তর হতে জারি করা হয় নি। ফলে ভিন্ন ভিন্ন ই-সেন্টারে একই সেবার জন্য ভিন্ন মূল্য ধার্য করা হচ্ছে।

১৪.২ পোস্ট ই-সেন্টারসমূহে স্থান সংকট বিদ্যমান রয়েছে। অনেক পোস্ট ই-সেন্টার ভাড়া করা ঘরে কার্যক্রম পরিচালনা করছে।

১৪.৩ পোস্ট ই-সেন্টারসমূহের মালামালগুলোর নিরাপত্তা বিধান করার জন্য নিরাপত্তা ব্যবস্থা অপর্যাপ্ত বলে অনুমিত হয়েছে।

১৪.৪ পোস্ট ই-সেন্টারে ব্যবহৃত যন্ত্রপাতিসমূহ নষ্ট বা মেরামতের প্রয়োজন হলে তা' ঢাকা-য় প্রেরণ করা প্রয়োজন হয়। স্থানীয়ভাবে মেরামতের কোনো সুযোগ নেই।

১৪.৫ পোস্ট ই-সেন্টারসমূহ হতে স্বলপ সংখ্যক সেবা প্রদান করা হয়ে থাকে।

১৪.৬. পোস্ট ই-সেন্টারসমূহের সেবা সম্পর্কে স্থানীয় জনগণের মাঝে অজ্ঞতা রয়েছে এবং প্রচারের ঘাটতি রয়েছে।

১৪.৭ কেন্দ্রীয় মনিটরিং ব্যবস্থার অনুপস্থিতি রয়েছে।

১৪.৮ উদ্যোক্তা নিয়োগ ও উদ্যোক্তা পরিবর্তনের সুনির্দিষ্ট নীতিমালা নেই।

১৫.০ আইএমইডি'র মতামত/সুপারিশ:

১৫.১. পোস্ট ই-সেন্টার হতে প্রদত্ত সেবাসমূহের মূল্য তালিকা ডাক অধিদপ্তর হতে সত্বর জারি করতে হবে।

১৫.২. পোস্ট ই-সেন্টারসমূহে স্থান সংকট নিরসনকল্পে যথাসম্ভব নিজস্ব স্থাপনায় কার্যক্রম পরিচালনার উদ্যোগ গ্রহণ করতে হবে।

১৫.৩ পোস্ট ই-সেন্টারসমূহের মালামালগুলোর নিরাপত্তা বিধান করার জন্য জোরদার নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করতে হবে।

১৫.৪. পোস্ট ই-সেন্টারে ব্যবহৃত যন্ত্রপাতিসমূহ নষ্ট বা মেরামতের জন্য উপজেলা পর্যায়ে ব্যবস্থা রাখতে হবে।

১৫.৫ পোস্ট ই-সেন্টারসমূহ হতে প্রদত্ত সেবাসমূহের সংখ্যা বাড়াতে হবে। ইউনিয়ন ডিজিটাল সেন্টারে প্রদত্ত সেবাসমূহ ই-সেন্টারেও প্রবর্তন করতে হবে।

১৫.৬ অডিট আপত্তি নিষ্পত্তিপূর্বক আইএমইডিকে অবহিত করতে হবে।

১৫.৭ কেন্দ্রীয়ভাবে জিআইএস ভিত্তিক নিবিড় মনিটরিং ব্যবস্থার প্রবর্তন করতে হবে।

১৫.৮ উদ্যোক্তা নিয়োগের ক্ষেত্রে তরুণ, উদ্যমী ও সৃষ্টিশীল প্রকৃত আগ্রহী ব্যক্তিদের অগ্রাধিকার প্রদান করতে হবে।

১৫.৯ পোস্ট ই-সেন্টারের একটি নিজস্ব ইন্টার-অ্যাকটিভ ওয়েবসাইট প্রস্তুত করতে হবে।পোস্ট ই-সেন্টারসমূহের সেবা সম্পর্কে ব্যাপক প্রচারণা কার্যক্রম চালাতে হবে। বিভিন্ন সামাজিক যোগাযোগ মাধ্যমে পোস্ট ই-সেন্টারের কার্যক্রম ও সেবা সম্পর্কে ব্যাপক প্রচারণা কার্যক্রম পরিচালনা করতে হবে।

১৫.১০ উপরোক্ত সুপারিশ/মতামত (অনুচ্ছেদ ১৫.১ হতে ১৫.৯) অনুযায়ী প্রযোজ্য ক্ষেত্রে গৃহীত ব্যবস্থা প্রশাসনিক মন্ত্রণালয় ও প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা আগামী ২১ দিনের মধ্যে বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগকে অবহিত করবে।